ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



গোপন তথ্য ফাঁস করলেন অনুপম খের

পৃঃ ৫



নিলামের আগেই পার্থিবকে কোচ করে আনল গুজরাট

পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ৩১২ ● কলকাতা ● ০৪ অগ্রহায়ণ, ১৪৩১ ● বুধবার ● ২০ নভেম্বর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## রাষ্ট্রপতিকে বিবেচনা করার নির্দেশ দিয়েও

# অর্ডার ফেরাল সুপ্রিম কোর্ট, কী এমন মামলা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে মার্সি প্লি নিয়ে বিবেচনা করার নির্দেশ দেওয়ার পরও তা তুলে নিল সুপ্রিম কোর্ট। বলবন্ত সিং রাজওয়ানার ক্ষমাভিক্ষার আবেদন নিয়ে রাষ্ট্রপতির সেক্রেটারিকে বিশেষ নির্দেশ দিয়েছিল শীর্ষ আদালত। আগামী দু সপ্তাহের মধ্যে সিদ্ধান্ত নেওয়ার নির্দেশ দেওয়া হয়েছিল। আবেদনকারীর পক্ষে সিনিয়র অ্যাডভোকেট মুকুল রোহতাগী বলেন, কেন্দ্র এখনও কোনও জবাব দেয়নি। বাকি সব মামলায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে,অথচ এই মামলায় সরকার বলছে, এটা সিদ্ধান্ত নেওয়ার সময় নয়। তিনি আরও বলেন, যখন সিদ্ধান্ত নেওয়া হবে, তখন তাঁর জীবন শেষ হয়ে যাবে।

সোমবার রাজওয়ানাকে অন্তর্বর্তী জামিন দেওয়ার আর্জি খারিজ করে দেয় সুপ্রিম কোর্ট। তাঁর আইনজীবী রোহতাগী বলেন, এটা বিস্ময়কর যে এই ক্ষেত্রে একজন ২৯ বছর জেলে থাকা সত্ত্বেও, তাঁকে একবারও বেরতে দেওয়া হয়নি।১২ বছর ধরে মার্সি পিটিশন ঝুলে থাকায়, সংবিধানের ২১ নম্বর অনুচ্ছেদ লঙ্ঘন করা হয়েছে বলেও দাবি করেছেন তিনি।বিচারপতি বি আর গাভাই, বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র ও বিচারপতি কে ভি বিশ্বনাথনের বেঞ্চ গতকাল, সোমবার ওই নির্দেশ দেয়। পরে সলিসিটর জেনারেল তুষার মেহতার আবেদনে ওই নির্দেশ তুলে নেওয়া হয়েছে।

তুষার মেহতা জানিয়েছেন,

এরপর ৩ পাতায়

## মন্দারমনিতে বেআইনি রিসোর্ট ভাঙার জন্য

# বুলডোজার চলবে না বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মন্দারমনির র ১৪৪ টি বেআইনি রিসোর্ট ভাঙা নিয়ে জেলা প্রশাসনের নির্দেশে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় স্তম্ভিত। মুখ্যমন্ত্রী নির্দেশ কোন রকম বুলডোজার চলবে না।

আগামী ২০ নভেম্বরের মধ্যে জাতীয় পরিবেশ আদালতের নির্দেশ মেনে মোট ১৪৪ টি নির্মাণ ভেঙে ফেলার নোটিশ জারি করেছিল পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসন। এই বিষয়ে

**বেবি চক্রবর্ত্তী**

রাজ্য প্রশাসনের শীর্ষ স্তরের কোন আধিকারিক এমনকি মুখ্য সচিব ও জানতেন না। এমনকি তাদের সঙ্গে আলোচনা বা পরামর্শ ছাড়াই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী রীতিমতো ক্ষুব্ধ। মুখ্য সচিব এই বিষয়ে হোটেল মালিকদের সঙ্গে দ্রুত বৈঠকে বসবেন বলে জানা গেছে। মুখ্যমন্ত্রী জানিয়েছেন " বুলডোজার কোন সমাধানের পথ নয়। কোনরকম বুলডোজার চলবে না"।

১৪৪ টি হোটেলের মধ্যে শুধু দাদনপাত্রবাড়েই ৫০টি হোটেল রয়েছে। সিলামপুরে ২৭ টি, মন্দারমনিতে ৩০টি, সোনামুই এলাকায় ৩৬ টি হোটেল রয়েছে। দক্ষিণ পুরুষোত্তমপুরে একটি লজ রয়েছে। উপকূল বিধি না মেনেই সিআর জেড এলাকার মধ্যে হোটেলগুলি গড়ে তোলা হয়েছিল বলে অভিযোগ। জানা গেছে ২০২২ সালের ২ মে জাতীয় পরিবেশ আদালত এই নির্দেশ জারি করেছিল। তবে জেলা প্রশাসন দুই বছর সেই নির্দেশ কার্যকর করেনি। তাই এই বছর ২০ নভেম্বর নির্দেশিকা কার্যকর করতে চেয়েছিল জেলা প্রশাসন। তাও এবার মুখ্যমন্ত্রী নির্দেশে আটকে গেল।

## নরওয়ের প্রধানমন্ত্রীর সঙ্গে

# প্রধানমন্ত্রীর বৈঠক



**নয়াদিল্লি, ১৯ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ রিও ডি জেনেইরো-তে জি-২০ শিখর সম্মেলনের ফাঁকে নরওয়ের প্রধানমন্ত্রী মাননীয় জোনাস গাহর স্টোর-এর সঙ্গে বৈঠক করেন। দ্বিপাক্ষিক সম্পর্কের বিকাশ এবং বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতা আরও জোরদার করা নিয়ে তাঁদের মধ্যে কথা হয়। ভারত-ইউরোপ মুক্ত বাণিজ্য সংগঠন - বাণিজ্য ও অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি স্বাক্ষরিত হওয়া দ্বিপাক্ষিক সম্পর্কের প্রশ্নে বড় এক মাইলফলক বলে মনে করে দুই নেতা। নরওয়ে সহ ওই চুক্তির আওতাধীন দেশগুলি থেকে ভারতে আরও বিনিয়োগ আকর্ষণের প্রশ্নে চুক্তিটির তাৎপর্য তাঁরা উল্লেখ করেন। সমুদ্র অর্থনীতি, পুনর্নবীকরণযোগ্য শক্তি, গ্রিন হাইড্রোজেন, সৌর ও বায়ুবিদ্যুৎ প্রকল্প, ভূ-তাপ বিদ্যুৎ, পরিবেশ-বান্ধব জাহাজ চলাচল, কার্বন শোষণ ব্যবস্থাপনা, মহাকাশ এবং সুমেরু অঞ্চলের বিষয় নিয়েও তাঁদের মধ্যে আলোচনা হয়। দুই নেতা আঞ্চলিক ও আন্তর্জাতিক নানা বিষয়েও মতবিনিময় করেন।

মৃত্যুঞ্জয় সরদারের আটটি বইয়ের মধ্যে
কলকাতার কলেজ স্ট্রিটে
চারটি বই পাওয়া যাচ্ছে।
অন্যান্য বইগুলো সব বিক্রি হয়েছে।

কলেজ স্ট্রিটে
পাওয়া যাচ্ছে বইগুলোর নাম

ঈশ্বরী কথা আর
মাতৃ শক্তি
কলেজ স্ট্রিট
কেশব চন্দ্র স্ট্রিটে,
অশোক পাবলিশিং হাউসে

সুন্দরবন ও
সুন্দরবনবাসি
বর্ণপরিচয় বিল্ডিংয়ে
উজ্জ্বল সাহিত্য মন্দিরে

কলেজ স্ট্রিট সারাদিন পাবলিকেশনের পাওয়া যাচ্ছে
আর্তনাদ নামের বইটি।
এই বইটি অনলাইনে বুক করলে পোস্ট অফিসে বাড়ি পৌঁছে যাবে।

যোগাযোগ নম্বর ৯৫৬৪৩৮২০৩১

আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (বাংলা মাধ্যম)
সরবেড়িয়া আন্-নূর মিশন
(বালক ও বালিকা পৃথক ক্যাম্পাস)
(পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি) বিজ্ঞান ও কলা বিভাগ
E-mail : sarberia.annoor.mission@gmail.com ● Contact : 9732531171
২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত তথ্য (পঞ্চম থেকে নবম শ্রেণি)
পরীক্ষা কেন্দ্র সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস.হাট, ন্যাজাট, উঃ ২৪ পরগনা
ফর্ম বিতরণ চলছে (অফলাইনে)
ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ : ৩রা নভেম্বর ২০২৪
ভর্তি পরীক্ষার তারিখ : ১০ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ১২টা
ফলাফল প্রকাশিত হবে : ১৭ই নভেম্বর ২০২৪ রবিবার দুপুর ২টা
ফলাফল জানা যাবে www.annoormission.org
এই website notice board-এ
সফল ছাত্র-ছাত্রীদের অভিভাবক/অভিভাবকা সাক্ষাৎকার ও
ভর্তি প্রক্রিয়া শুরু হবে ২২শে নভেম্বর থেকে ৩০শে নভেম্বর ২০২৪
ফর্মের মূল্য : ৫০.০০ টাকা

Girl's Hostel



Boy's Hostel



আবাসিক শিক্ষক চাই
বায়োলজি
এমএসসি অনার্স
ও একজন
কম্পিউটার
টিচার লাগবে
সত্বর Resume mail করুন

ফর্ম পাওয়ার জন্য বিস্তারিত জানতে যোগাযোগ করুন ফর্ম বিতরণ কেন্দ্রগুলিতে

❖ সরবেড়িয়া আন নূর মিশন
সরবেড়িয়া, এফ.এস. হাট, ন্যাজাট, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৫৬৪০১১৯০৬ / ৯৭৩৪৫৪৯৫০৫

❖ নিউ বিশ্বাস জেরক্স
মুরারীসাহা চৌমাথা, ভেবিয়া, উঃ ২৪ পঃ
মোঃ - ৯৬০৯০৮২৪১৬

❖ আদর্শ শিশু নিকেতন
ভাঙনখালি, (কলতলা মোড়) বাসন্তী, দঃ ২৪ পঃ মোঃ - ৮১৪৫২৫০০৮০

❖ সাগরিকা লাইব্রেরী
বিজয়গঞ্জ বাজার, ভাঙ্গর, দঃ ২৪ পঃ মোঃ - ৯৭৩৫২৮০৪০৭

❖ আরফান আলি বিশ্বাস
দেবগ্রাম, কাটোয়া মোড়, নদীয়া মোঃ - ৯১৫৩৯৩২৯০৬

# ইতালির প্রধানমন্ত্রীর সঙ্গে যেসব বিষয়ে আলোচনা হয়েছে মোদির




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ব্রাজিলে জি-২০ সম্মেলনের ফাঁকে ইতালির প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে বসেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। ১৯তম জি -২০ শীর্ষ সম্মেলনে যোগ দিতে বর্তমানে ব্রাজিলের রিও ডি জেনেইরো শহরে আছেন মোদি। সেখানেই মেলোনিসহ একাধিক রাষ্ট্রনেতার সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন মোদি। রিপোর্ট অনুযায়ী, ব্রিটিশ প্রধানমন্ত্রী কেয়ার স্টারমার এবং ফরাসি রাষ্ট্রপতি ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে ইতোমধ্যেই বৈঠক করেছেন মোদি। এদিকে নরওয়ের প্রধানমন্ত্রী জোনাস গহর স্টোরের সঙ্গেও দ্বিপক্ষীয় বৈঠক করেন মোদি। এর পাশাপাশি ইন্দোনেশিয়া ও পর্তুগালের রাষ্ট্রনোদের সঙ্গেও বৈঠক করেছিলেন মোদি। এদিকে ইতালির প্রধানমন্ত্রীর সঙ্গে তার আলোচনা নিয়ে মোদি সোশ্যাল মিডিয়ায় লেখেন, রিও ডি জেনেইরোতে জি-২০ শীর্ষ সম্মেলনের ফাঁকে প্রধানমন্ত্রী জর্জিয়া মেলোনির সঙ্গে মিলিত হতে পেরে আমি আনন্দিত। জর্জিয়া মেলোনির সঙ্গে প্রতিরক্ষা, নিরাপত্তা, বাণিজ্য ও প্রযুক্তি ক্ষেত্রে সম্পর্ক জোরদার করার বিষয়ে আলোচনা হয়েছে। সংস্কৃতি, শিক্ষা এবং এই জাতীয় অন্যান্য ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর উপায়গুলো নিয়েও আলোচনা করেছি আমরা। এই পৃথিবীকে আরো উন্নত গ্রহে পরিণত করে তুলতে ভারত-ইতালি মৈত্রী বড় অবদান রাখতে পারে। এদিকে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র রণধীর জয়সওয়াল সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম এক্স-এ জানিয়েছেন যে ইন্দোনেশিয়ার রাষ্ট্রপতি প্রাবোও সুবিয়ান্তোকে ভারত-ইন্দোনেশিয়া বিস্তৃত কৌশলগত অংশীদারিত্ব প্রসারিত করার আশ্বাস দিয়েছেন প্রধানমন্ত্রী মোদি। এদিকে মহাকাশ ও শক্তি ক্ষেত্রে ঘনিষ্ঠভাবে কাজ করার বিষয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং ফরাসি রাষ্ট্রপতি ম্যাক্রোঁর মধ্যে আলোচনা হয় বলে জানিয়েছে ভারতের পররাষ্ট্র মন্ত্রণালয়।

এছাড়া এআই নিয়েও দুই দেশের একসঙ্গে কাজ করা নিয়ে কথা হয় মোদি এবং ম্যাক্রোঁর। এদিকে এ বছর প্যারিসে অলিম্পিক এবং প্যারালিম্পিকের সফল আয়োজনের জন্যে ফ্রান্সের প্রেসিডেন্টের প্রশংসা করেন প্রধানমন্ত্রী।

এক পোস্টে মোদি বলেন, আমার বন্ধু প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর সঙ্গে দেখা করা সবসময়ই আনন্দের বিষয়। মহাকাশ, শক্তি, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স এবং এই জাতীয় অন্যান্য ক্ষেত্রে ভারত ও ফ্রান্স কীভাবে আরও ঘনিষ্ঠভাবে কাজ চালিয়ে যেতে পারে, তা নিয়ে আলোচনা হয়েছে আমাদের। দুই দেশের মানুষের মধ্যে যোগাযোগ বাড়াতে আমাদের দুটি দেশ নিবিড়ভাবে কাজ করবে।

এদিকে মোদির সঙ্গে ব্রিটিশ প্রধানমন্ত্রীর দ্বিপক্ষীয় বৈঠকের পর স্টারমারকে উদ্ধৃত করে ডাউনিং স্ট্রিটের এক বিবৃতিতে বলা হয়, ভারতের সঙ্গে একটি নতুন বাণিজ্য চুক্তি ব্রিটেনে কর্মসংস্থান বৃদ্ধি করবে এবং দেশকে সমৃদ্ধ করতে সহায়তা করবে। এতে আমাদের দেশ প্রবৃদ্ধি ও সুযোগ সরবরাহের লক্ষ্যে এক ধাপ এগিয়ে যাবে।

## ভারতের পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে চীনের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক



**স্টাফ রিপোর্টার নিউজ সারাদিন :ভারতের পররাষ্ট্রমন্ত্রী এস জয়শঙ্কর এবং চীনের পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই-এর বৈঠক অনুষ্ঠিত হয়েছে। ব্রাজিলের রিও ডি জেনেইরোতে জি২০ সম্মেলনের পার্শ্ববৈঠকে মুখোমুখি হন চিরপ্রতিদ্বন্দ্বী দুই দেশের মন্ত্রী।**

ভারত-চীন সীমান্ত সমস্যা মেটার পর এটিই প্রথম বৈঠক দুই দেশের তাদের। সীমান্তে প্রকৃত নিয়ন্ত্রণরেখা বরাবর অঞ্চল থেকে সেনা সরানোর বিষয়ে কথা হয়েছে দুজনের। খবর আনন্দবাজারের।

২০২২ সালের জুন মাসে গালওয়ানে ভারত ও চীনের সেনাদের মধ্যে সংঘর্ষের পর থেকেই দু'দেশের সম্পর্কে টানাপড়েন তৈরি হয়েছিল। সামরিক স্তরে একাধিক বার আলোচনা হয়েছিল দু'দেশের। শেষে চলতি বছর অক্টোবরে রাশিয়ার কাজানে ব্রিক্স শীর্ষ সম্মেলনের সময়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং চীনের প্রেসিডেন্ট শি জিনপিংয়ের বৈঠকে সীমান্ত থেকে সেনা সরানোর বিষয়ে ঐকমত্যে পৌঁছায় দুই দেশ।


ভারত-চীন প্রকৃত নিয়ন্ত্রণ রেখা সংলগ্ন অঞ্চল থেকে সেনা সরানোর কাজ কত দূর এগিয়েছে। সে বিষয়েই জি২০ সম্মেলনের পার্শ্ববৈঠকে আলোচনা হয় দু'দেশের মন্ত্রীর। বৈঠকের পর জয়শঙ্কর জানিয়েছেন, দ্বিপক্ষীয় সম্পর্ককে কীভাবে আরো উন্নত করা যায়, সে বিষয়েও কথা হয়েছে তাদের। পাশাপাশি বিশ্বের অন্য পরিস্থিতিগুলি নিয়েও আলোচনা হয়েছে।

চীনও চাইছে ভারতের সঙ্গে সম্পর্ককে আরো মসৃণ করতে। দু'দেশের পররাষ্ট্রমন্ত্রীর বৈঠক শুরুর আগে চীনের পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক মুখপাত্রও সেই আভাস দিয়েছেন। তিনি জানিয়েছেন, চীন ভারতের সঙ্গে কাজ করতে প্রস্তুত। পারস্পরিক ভরসা আরো বৃদ্ধি করতেও উৎসাহী দেশটি।

২০২০ সালের এপ্রিল থেকে পূর্ব লাদাখের বিভিন্ন এলাকায় এলএসি পেরিয়ে অনুপ্রবেশের অভিযোগ উঠেছিল চীনের ফৌজের বিরুদ্ধে। উত্তেজনার আবহে ওই বছরের ১৫ জুন গালওয়ানে চীনের হামলায় নিহত হয়েছিলেন ২০ জন ভারতীয় সেনা। বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার রিপোর্ট অনুযায়ী, ভারতীয় জওয়ানদের পাল্টা হামলায় বেশ কয়েক জন চীনা সেনাও নিহত হয়েছিলেন। সেখান থেকেই দু'দেশের সম্পর্কে কিছুটা শীতলতা তৈরি হয়েছিল।

গালওয়ান-কাণ্ডের পর থেকেই কূটনৈতিক ও সামরিক স্তরে সীমান্তে উত্তেজনা প্রশমনে দফায় দফায় বৈঠক শুরু হয়েছিল। শেষে গত মাসে সীমান্ত থেকে সেনা সরানোর বিষয়ে ভারত ও চীন ঐকমত্যে আসে। চার বছরের বেশি সময় ধরে চলা অচলাবস্থায় ইতি পড়ে।

চুক্তি অনুযায়ী, দুই দেশই দেপসাং, ডেমচক এলাকা থেকে সেনা সরানোর সিদ্ধান্ত নেয়। গত চার বছরে যত অস্থায়ী সেনাছাউনি তৈরি হয়েছিল, সেগুলোও সরিয়ে ফেলার সিদ্ধান্ত নেয়া হয়। দু'দেশই পদক্ষেপ করতে শুরু করেছে। সেনা সরানোর চুক্তির পর এ বছরের দীপাবলিতে চীনা ফৌজের সঙ্গে ভারতীয় সেনাকে মিষ্টি বিনিময় করতেও দেখা গিয়েছিল।






## সিঙ্গুরে বিশ্ব শৌচাগার দিবস পালন

**বলাইচাঁদ মুখোপাধ্যায়, সিঙ্গুর, হুগলি**

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আজ সিঙ্গুরের বেড়াবেড়ীতে পশ্চিমবঙ্গ সরকারের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের উদ্যোগে কেন্দ্রীয়ভাবে বিশ্ব শৌচাগার দিবস পালিত হলো। এই উপলক্ষে বেড়াবেড়িতে এক মনোজ্ঞ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রী বেচারাম মান্না, মিশন ডিরেক্টর(স্যানিটেশন) সন্তোসা গোবি, হুগলির জেলা শাসক মুক্তা আর্য, এডিএম, এসডিও, হরিপালের বিধায়িকা ডাক্তার করবি মান্না পঞ্চায়েত সমিতির সভাপতি সহ বিশিষ্ট ব্যক্তি বর্গ।


ওই অনুষ্ঠানে মন্ত্রী বেচারাম মান্না বলেন আজ বিশ্ব শৌচাগার দিবসে স্বচ্ছ ভারত মিশন এবং নির্মল বাংলা প্রকল্পের মাধ্যমে সারা পশ্চিমবাংলায় যে সমস্ত আইসিডিএস কেন্দ্র এবং প্রাথমিক বিদ্যালয় গুলিতে নতুন করে শৌচাগার নির্মাণ হয়েছে এছাড়াও রাজ্যের বিভিন্ন জনবহুল এলাকাতে নতুন করে কমিউনিটি শৌচাগার তৈরি হয়েছে সেগুলি আজ এখানের এই অনুষ্ঠানের মাধ্যমে উদ্বোধন করা হলো। তিনি বলেন এই শৌচাগার নির্মাণের মূল উদ্দেশ্য হলো রাজ্যের একটি মানুষও যাতে শৌচাগার ব্যবহারের সুযোগ থেকে বঞ্চিত না হন। তিনি বলেন আগামী দিনে মানুষকে সচেতন করার মাধ্যমে অভূতপূর্ব স্বচ্ছ পরিবেশ বাংলায় গড়ে তুলতে আমরা বদ্ধপরিকর, যার ফলে আমাদের আশা আগামী ১০ বছরেও পশ্চিমবাংলার ধারে কাছে কেউ না আসতে পারে।

## বাড়ির ভিত তৈরিতে মাটি খুঁড়তেই
## 'অন্য দুনিয়ায়' পৌঁছলেন অনিমা, জানাজানি হতেই হইচই পিংলায়



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বাড়ির ভিত তৈরি হবে। সেই কারণে চলছিল গর্ত খোঁড়ার কাজ। কিছুটা খোঁড়াখুঁড়ির পর তুমুল হইচই। কারণ, ওই ভিত তৈরির গর্ত খুঁড়তে গিয়েই মিলল সুড়ঙ্গ। ঘটনাটি ঘটেছে পশ্চিম মেদিনীপুরের পিংলার রাজবল্লভ এলাকায়। ঘটনার খবর জানাজানি হতেই ঘটনাস্থলে পৌঁছয় প্রশাসনিক আধিকারিকরা।বিডিয়ো পিংলা লাকপা ওয়াংচু শেরপা বলেন, “আমরা দেখছি পুরো বিষয়টি। আমার বিশেষ কিছু মনে হচ্ছে না। আগে দেখি কী হয় পুরোটা জানাব পরে। তবে দশ-পনেরো ফিটের গর্ত দেখেছি।” অনিমা বলেন, “বাড়ি শুরু করেছি। যখন গর্ত খোঁড়া হয়েছে তখন প্রতিটি গর্ত থেকে ইঁট বেরচ্ছে। এরপর সুড়ঙ্গ বেরিয়েছে। এমনকী পুরনো দিনের সিঁড়ি বেরিয়েছে। আমার শাশুড়ি বলেছিলেন অনেক দিন আগে এখানে নাকি মন্দির ছিল। এখন জানি না।”জানা গিয়েছে, পিংলা এলাকার বাসিন্দা অনিমা ঘোষ।তাঁর পাকা বাড়ি তৈরির জন্য মাটি খোঁড়ার কাজ চলছিল। কিছুটা গর্ত করার পরই একটি সুড়ঙ্গ দেখতে পান কর্মরত শ্রমিকরা। তারপর আরও মাটি সরাতেই দেখা যায় ১৫ ফুটের মতো চওড়া একটি ঘরের মতো ঘেরা জায়গা। তার এক দিকের দেওয়ালে একটি খোপ। বিষয়টি জানাজানি হতেই হইচই পড়ে যায় এলাকায়। ইতিমধ্যেই ঘটনাস্থলে পৌঁছেছে পিংলা ব্লক প্রশাসন। ঐতিহাসিক স্থাপত্যের অংশ কি না তা নিয়ে রহস্য দানা বেঁধেছে।

### শঠে শাঠ্যং, চড় খেয়ে মহিলা পুলিশ
## আধিকারিককে সপাটে থাপ্পড় কষালেন যুবক




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চড় মারতেই মহিলা পুলিশকে পাল্টা থাপ্পড় মারল যুবক। সোমবার মধ্যপ্রদেশের টিকমগড় জেলায় ঘটে এমনই ঘটনা। আর তাতেই পুলিশি বিভাগের মধ্যে ছড়িয়েছে উত্তেজনা। পাশাপাশি এই চড়কাণ্ডের ভিডিও ছড়িয়ে গিয়েছে সোশ্যাল মিডিয়ায়। সেখানে দেখা গিয়েছে, পুলিশ কর্মকর্তা ও স্থানীয়দের মধ্যে বাকবিতণ্ডা চলছে।

গ্রামবাসীদের অভিযোগ, পুলিশের দেরিতে আসায় আহত কৃষকের সময়মতো চিকিৎসা পরিষেবা দেওয়া সম্ভব হয়নি। তাতেই মৃত্যু হয়েছে। এরপরেই খবর পেয়ে ঘটনাস্থলে যায় বাদাগাঁও থানার ইনচার্জ অনু মেঘা গুপ্তা দুবে ঘটনাস্থলে যান। কিন্তু পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে এবং বচসার মধ্যেই এক যুবককে চড় মারেন গুপ্তা। এরপরই পাল্টা চড় মারে ওই যুবক। এই ঘটনায় পুলিশ বিভাগে ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে।আর তখনই পরিস্থিতি সংঘর্ষের রূপ নেয়।

ঘটনাটি ঘটেছে বাদাগাঁও ধাসান থানার অন্তর্গত দারাগওয়ান গ্রামে। রবিবার রাতে একটি পথ দুর্ঘটনার পর থেকেই ছড়িয়ে পড়েছে উত্তেজনা। জানা গিয়েছে, গভীর রাতে গাড়ির ধাক্কায় ঘুরকা লোধি নামে ৫০ বছর বয়সী এক কৃষকের মৃত্যু হয়। সোমবার সকালে মৃত্যুর খবর পেয়ে পরিবারের সদস্যরা এলাকায় বিক্ষোভ দেখাতে শুরু করে। আর প্রতিবাদের জেরে গ্রামবাসীরা খড়গপুর-বাদাগাঁও সড়ক অবরোধ করে মামলা দায়ের করার দাবি জানায়।

### ইউক্রেন যুদ্ধের ১০০০ দিন, 'মেঘনাদ' আমেরিকাকে
## পালটা দিতে পরমাণু নীতি বদল রাশিয়ার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাশিয়া-ইউক্রেন যুদ্ধের এক হাজারতম দিনে পরমাণবিক নীতিতে বিরাট বদল পুতিনের। শুধু পারণবিক অস্ত্র সমৃদ্ধ দেশের পাশাপাশি পরমাণু শক্তিধর নয় এমন দেশেও হামলা চালাতে পারবে রাশিয়া। পুতিনের এই নয়া নীতি আন্তর্জাতিক মহলে প্রশ্ন উঠলেও, ইউক্রেন প্রসঙ্গে মার্কিন নীতির জবাব দিতেই এই পদক্ষেপ বলে জানা যাচেছ।নয়া নীতিতে ক্ষেপণাস্ত্রের পাশাপাশি ড্রোন ও অন্যান্য এয়ারক্র্যাফটকেও সামিল করা হয়েছে। পরমাণু নীতি এমনভাবে করা হয়েছে যেখানে বলা হয়েছে, ন্যাটো সদস্যভুক্ত কোনও দেশ যদি এই ধরনের হামলা চালায় তাহলে রাশিয়া এই হামলাকে ন্যাটোর হামলা হিসেবে দেখবে। অর্থাৎ মার্কিন অস্ত্র রাশিয়ার বিরুদ্ধে ব্যবহার হলে তার জন্য ন্যাটোর জোটকে দায়ী করবে রাশিয়া।আসলে রাশিয়া ও ইউক্রেনের মধ্যে যুদ্ধ চললেও মেঘনাদের মতো এই যুদ্ধে জেলেনস্কির পাশে দাঁড়িয়েছে আমেরিকায়।

এরপর ৩ পাতায়

১-ম পাতার পর

# রাষ্ট্রপতিকে বিবেচনা করার নির্দেশ দিয়েও অর্ডার ফেরাল সুপ্রিম কোর্ট, কী এমন মামলা

বিষয়টা স্পর্শকাতর। তাই, বিষয়টা শোনা প্রয়োজন। তিনি আরও জানিয়েছেন যে রাষ্ট্রপতির কাছে নয়, সংশ্লিষ্ট বিষয়ের ফাইল রয়েছে স্বরাষ্ট্রমন্ত্রককে। তাঁর আবেদনেই নির্দেশ তুলে নিয়ে আগামী সোমবার শুনানির সিদ্ধান্ত নিয়েছে সুপ্রিম কোর্ট।

সোমবার রাজওয়ানার ক্ষমা ভিক্ষা নিয়ে যখন শুনানি চলছে, তখন কেন্দ্রের তরফে কেউ উপস্থিত না থাকায় অসন্তোষ প্রকাশ করে আদালত। মার্সি প্লি নিয়ে কেন ১২ বছর ধরে অপেক্ষা করতে হবে, তা নিয়ে আদালতে প্রশ্ন তোলেন রাজওয়ানা।১৯৯৫ সালে পঞ্জাবের তৎকালীন মুখ্যমন্ত্রী বিয়ান্ত সিং-এর হত্যার ঘটনায় অভিযুক্ত ছিলেন রাজওয়ানা। শীর্ষ আদালত সোমবার রাষ্ট্রপতির সেক্রেটারিকে নির্দেশ দেন, আগামী দু সপ্তাহের মধ্যে সিদ্ধান্ত নিতে হবে।

আবেদনকারীর পক্ষে সিনিয়র অ্যাডভোকেট মুকুল রোহতাগী বলেন, কেন্দ্র এখনও কোনও জবাব দেয়নি। বাকি সব মামলায় সিদ্ধান্ত নেওয়া হয়েছে,অথচ এই মামলায় সরকার বলছে, এটা সিদ্ধান্ত নেওয়ার সময় নয়। তিনি আরও বলেন, যখন সিদ্ধান্ত নেওয়া হবে, তখন তাঁর জীবন শেষ হয়ে যাবে।

## ঝাঁসির রানি লক্ষ্মীবাঈ-এর জন্মবার্ষিকীতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা

**নয়াদিল্লি, ১৯ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ ঝাঁসির রানি লক্ষ্মীবাঈ-এর জন্মবার্ষিকীতে শ্রদ্ধা জানিয়েছেন। রানি লক্ষ্মীবাঈ সাহসিকতা এবং দেশপ্রেমের মূর্ত রূপ বলে মন্তব্য করেছেন প্রধানমন্ত্রী। এক্স পোস্টে প্রধানমন্ত্রী বলেছেন :

"সাহসিকতা এবং দেশপ্রেমের মূর্ত রূপ, নির্ভীক রানি লক্ষ্মীবাঈ-এর জন্মজয়ন্তীতে শ্রদ্ধা। তাঁর শৌর্য এবং স্বাধীনতার লড়াই প্রজন্মের পর প্রজন্মকে অনুপ্রাণিত করে চলেছে। যথার্থ প্রত্যয়ের অর্থ কি হতে পারে তা স্পষ্ট করে দেয় প্রতিকূল পরিস্থিতিতে তাঁর নেতৃত্বদানের ইতিহাস।"

## ইন্দোনেশিয়ার প্রেসিডেন্টের সঙ্গে প্রধানমন্ত্রীর সাক্ষাৎ

**নয়াদিল্লি, ১৯ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ব্রাজিলের রিও ডি জেনেইরো'তে জি-২০ শীর্ষ বৈঠকের ফাঁকে ইন্দোনেশিয়ার নব নির্বাচিত প্রেসিডেন্ট মাননীয় প্রবোয়ো সুবিয়ান্তোর সঙ্গে সাক্ষাৎ করেন। দুই নেতার মধ্যে এটি ছিল প্রথম সাক্ষাৎকার। প্রেসিডেন্ট সুবিয়ান্তোকে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী। সর্বাত্মক কৌশলগত অংশীদারিত্বের ক্ষেত্রে পারস্পরিক বোঝাপড়াকে আরও শক্তিশালী করার উপর জোর দেন উভয় নেতা। তাঁদের মধ্যে বাণিজ্য ও লগ্নি, প্রতিরক্ষা ও সুরক্ষা, যোগাযোগ, পর্যটন, স্বাস্থ্য ও দু'দেশের মানুষের মধ্যে পারস্পরিক বন্ধন নিয়ে আলোচনা হয়। ভারত ও ইন্দোনেশিয়া উভয় দেশই কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ৭৫ বছর উদযাপন করছে এবং যথোচিত মর্যাদায় তা উদযাপনের আহ্বান জানান দুই নেতা। আন্তর্জাতিক ও আঞ্চলিক বিভিন্ন বিষয় নিয়েও তাঁরা মত বিনিময় করেন। আসিয়ান সহ বিভিন্ন মঞ্চে বহুমাত্রিক সহযোগিতার নিয়েও পর্যালোচনা করেন তাঁরা।

## যুক্তরাজ্যের প্রধানমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ প্রধানমন্ত্রীর

**নয়াদিল্লি, ১৯ নভেম্বর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ব্রাজিলের রিও ডি জেনেইরোতে জি-২০ শীর্ষ বৈঠকের ফাঁকে আজ যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী মাননীয় স্যর কেইর স্টারমেরের সঙ্গে সাক্ষাৎ করেন। দুই প্রধানমন্ত্রীর মধ্যে এটি ছিল প্রথম বৈঠক। প্রধানমন্ত্রী স্টারমের'কে অভিনন্দন জানান প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রী স্টারমেরও শ্রী মোদীকে তৃতীয়বারের জন্য প্রধানমন্ত্রী নির্বাচিত হওয়ায় অভিনন্দন জানান। দ্বিপাক্ষিক সম্পর্কের অগ্রগতি নিয়ে দুই নেতাই সন্তোষ প্রকাশ করেন। কৌশলগত অংশীদারিত্ব সহ আর্থিক, বাণিজ্যিক, নতুন প্রযুক্তি, গবেষণা ও উদ্ভাবন, মানুষে মানুষে যোগাযোগ সহ বিভিন্ন বিষয় নিয়ে তাঁরা মত বিনিময় করেন। তাঁদের আলোচনায় উঠে আসে আন্তর্জাতিক ও আঞ্চলিক সহ পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ও। অবাধ বাণিজ্য চুক্তি নিয়ে দ্রুত আলাপ-আলোচনা শুরু করার ব্যাপারে তাঁদের মধ্যে কথা হয়। প্রধানমন্ত্রী মোদী যুক্তরাজ্যের বেলফাস্ট ও ম্যাঞ্চেস্টারে ভারতের দুটি নতুন দূতাবাস চালুর কথা ঘোষণা করেন। প্রধানমন্ত্রীর এই ঘোষণাকে স্বাগত জানান মিঃ স্টারমের। ভারত-যুক্তরাজ্য সর্বাত্মক অংশীদারিত্ব সহ বিভিন্ন কাজের দ্রুত রূপায়ণে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য মন্ত্রী এবং পদস্থ আধিকারিকদের নির্দেশ দেন দুই নেতা। সেইসঙ্গে, নিয়মিত কথাবার্তা এবং আলোচনার উপরও জোর দেন তাঁরা।

## কলকাতা পুলিশের পাশে মদন!

### 'নেতার বাড়ির বাজার... কাজ করবে কখন?'



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কসবা কাণ্ডকে সামনে রেখে কলকাতা পুলিশের সমালোচনায় মুখর রাজ্যের মন্ত্রী তথা কলকাতার মেয়র ফিরহাদ হাকিম থেকে দলের বর্ষীয়ান নেতা, সাংসদ সৌগত রায়। পুলিশের ইন্টেলিজেন্স নিয়েই প্রশ্ন তুলেছেন তাঁরা। এ ব্যাপারে অবশ্য সম্পূর্ণ ভিন্ন পথে হাঁটলেন কামারহাটির বিধায়ক মদন মিত্র। বলা ভাল, দুঃসময়ে কলকাতা পুলিশের পাশে দাঁড়িয়েছেন তৃণমূলের 'কালারফুল বয়'।

এদিন সংবাদমাধ্যমের প্রশ্নের জবাবে মদন বলেন, "নেতার বাড়ির বাজার থেকে মিছিল সামলানো, সবই তো সামলাতে হচ্ছে কলকাতা পুলিশকে। তাহলে ওরা নিজেদের কাজটা করবে কখন?" খানিক থেমে জবাবও দিয়েছেন নিজেই। বলেছেন, "কলকাতা পুলিশ ওভারলোডেড। ইন্টেলিজেন্সে আরও লোক বাড়ালে ভাল হয়।"

কসবার অ্যাক্রোপলিস মল সংলগ্ন জনবহুল এলাকায় গত শুক্রবার ভর সন্ধেয় ফিল্মি কায়দায় কাউন্সিলর সুশান্ত ঘোষকে হত্যার চেষ্টা করে দুষ্কৃতীরা। ওই ঘটনায় কলকাতা পুলিশের ভূমিকা নিয়ে প্রশ্ন তুলে ফিরহাদ বলেছিলেন, "এনাফ ইজ এনাফ! হোয়ার ইজ দ্য নেটওয়ার্ক?" ফিরহাদকে সমর্থন করে সৌগতও বলেছিলেন, "সুশান্তর ওপর হামলার ঘটনা আসলে পুলিশের ব্যর্থতা। পুলিশ সঠিকভাবে কাজ করছে না।"

এ প্রসঙ্গেই এদিন সাংবাদিকরা মদনের মতামত জানতে চান। সেখানেই কামারহাটির তৃণমূল বিধায়ক বলেন, "সৌগত রায়ের সিকিউরিটির কাজ সৌগতদাকে নিরাপত্তা দেওয়া, কিন্তু তাকে দিয়ে কী কী কাজ করানো হয়। সৌগতদা কি সেটা জানেন? বাজার করানো থেকে চুন, পান, রান্না, তাহলে সে সৌগতদার সিকিউরিটি দেবে কখন?"

খানিক থেমে মদন আরও বলেন, "তেমনই কলকাতা পুলিশকে,, চাকরি চুরি, ছাত্রদের দাবি, কে ঘর বানিয়েছে, তারপরে ট্যাব, কার বিয়ে ভেঙে গেছে, কে কোথায় কমিশন খেয়েছে- সবেরই তদন্ত করতে হচ্ছে। সারাদিন এসব করতে হলে তাঁরা কাজ করবে কখন? রোজ রোজ শহরে মিছিল আসছে। পুলিশকে তার পুরো ব্যাটেলয়ন নিয়ে দাঁড়িয়ে থাকতে হচ্ছে।"

নিজের দাবির সপক্ষে মদন এও বলেন, "কলকাতা পুলিশ সময় পেলে কাজ করে দেখিয়ে দিতে জানে! ১ দিন সময় পেয়েছিল. ২৪ ঘণ্টার মধ্যে সঞ্জয় রায়কে গ্রেফতার করে দেখিয়ে দিয়েছিল। কলকাতা পুলিশ আজকে যা বলে সিবিআই ৭৬ দিন পরে তাই বলে। সেটা তো আমরা দেখলাম।"

## অরুণাচলে যৌথ মহড়া নৌ ও বায়ুসেনার



**বেবি চক্রবর্ত্তী**

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতীয় সশস্ত্র বাহিনীর তিন শাখা উত্তর পূর্বে বাড়তে থাকা চীনা আগ্রাসন রুখতে প্রস্তুত। সেই লক্ষ্যেই অরুণাচলের প্রকৃত নিয়ন্ত্রণ রেখায় যৌথ মোহরা চালালো তারা। এই যুদ্ধ মোহড়ার নাম দেওয়া হয়েছে ' অপারেশন পূর্বী প্রহার'। গত ১০ই নভেম্বর থেকে ১৮ ই নভেম্বর পর্যন্ত চলা এই মোহরা দেশের প্রতিরক্ষার দিক থেকে যথেষ্ট তাৎপর্যপূর্ণ। দেশের তিন বাহিনীর সমন্বয় বাড়াতেই এই মহড়া চালানো হয়েছে বলে প্রতিরক্ষা মন্ত্রকের তরফ থেকে জানানো হয়েছে। অরুণাচলে অনুষ্ঠিত আট দিনের এই যুদ্ধ মোহড়ায় বায়ুসেনার একাধিক যুদ্ধবিমান এবং নজরদারি বিমান অংশ নিয়েছিল। এছাড়াও একই সঙ্গে ছিল দেশীয় প্রযুক্তিতে তৈরি এডভান্স লাইট হেলিকপ্টার 'রুদ্র'। এম ৭৭৭ আল্ট্রালাইট হাউইৎজার, এবিডি ড্রোন, সোয়ার্ম ড্রোন সহ অন্যান্য আধুনিক অস্ত্র ব্যবহৃত হয়েছে এখানে। এই মহড়ায় তিন বাহিনীর শীর্ষ আধুনিক এবং সেনা জওয়ানরা একে অপরের সঙ্গে এখানে পরিচিত হয়েছেন। এমনকি যুদ্ধক্ষেত্রে জরুরি পরিস্থিতির সময় কিভাবে মোকাবিলা করতে হয় তাও হাতে কলমে শেখানো হয়েছে।

দীর্ঘদিন ধরে ভারতের কাছে মাথা ব্যাথার কারণ ছিল উত্তর পূর্বে চীনের দাদাগিরি। চীনের বিরুদ্ধে বহুবার অরুণাচলে অনুপ্রবেশের অভিযোগ উঠেছে। শুধু তাই নয় অরুনাচলে প্রকৃত নিয়ন্ত্রণ রেখা ঘেঁষে একের পর এক গ্রাম বানানোর ছবি ধরা পড়েছে স্যাটেলাইট ইমেজে। এই যুদ্ধ মোহড়া প্রসঙ্গে প্রতিরক্ষা বিশেষজ্ঞদের একাংশ মনে করছেন পূর্ব লাদাখে সীমান্ত সমস্যা মেটাতে চীনের সঙ্গে ইতিবাচক আলোচনার পর এবার সিকিম এবং অরুনাচলে নজর দিতে চাইছে দিল্লি।

২ পাতার পর

## ইউক্রেন যুদ্ধের ১০০০ দিন, 'মেঘনাদ' আমেরিকাকে পালটা দিতে পরমাণু নীতি বদল রাশিয়ার

রাশিয়ায় হামলা চালাতে ইউক্রেনকে অস্ত্রের যোগান দিয়ে চলেছেন জো বাইডেন। এমনকি রাষ্ট্রপতি পদ থেকে বিদায় নেওয়ার আগে রাশিয়াকে ধরাশায়ী করতে বড় পদক্ষেপ নিয়েছেন বাইডেন। ইউক্রেনকে অনুমতি দেওয়া হয়েছে রাশিয়ার বিরুদ্ধে দূরপাল্লার মার্কিন অস্ত্র ব্যবহারের। আমেরিকার এই পদক্ষেপের পালটা এবার বড় সিদ্ধান্ত নেওয়া হল রাশিয়ার তরফে। পরমাণু অস্ত্রের নিয়মে বদল এনে রাশিয়া সিদ্ধান্ত নিয়েছে, যদি আমেরিকার তৈরি কোনও ক্ষেপণাস্ত্র রাশিয়ার মাটিতে এসে পড়ে সেক্ষেত্রে হিরোশিমা-নাগাসাকির মতো প্রলয় দেখবে গোটা বিশ্ব।যে নয়া পরমাণু নীতিতে শিলমোহর দিয়েছেন ভ্লাদিমির পুতিন সেখানে বলা হয়েছে, যদি কোনও পরমাণু শক্তিধর দেশের সাহায্যে রাশিয়ার মাটিতে ক্ষেপণাস্ত্র হামলা চালায়, সেক্ষেত্রে পরমাণু অস্ত্র ব্যবহার করতে পারবে রাশিয়া। এক্ষেত্রে দেশটি পরমাণু শক্তিধর না হলেও হামলা চালাতে পিছুপা হবে না ক্রেমলিন। এই নীতি সম্প্রতি পাশ হলেও এর প্রক্রিয়া অনেকদিন আগে থেকেই শুরু করেছিল রাশিয়া। ইউক্রেনকে আমেরিকার তরফে দূরপাল্লার অস্ত্র ব্যবহারের অনুমতি দেওয়ার পরই এই নীতিতে সাক্ষর করলেন পুতিন।

ড: মনসুখ মান্ডবিয়া

## 'বিকশিত ভারত ইয়াং লিডার্স ডায়ালগ', একটি নবরূপে জাতীয় যুব উৎসব ২০২৫-এর ঘোষণা করেছেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** নতুন দিল্লিতে আজ এক সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় যুব বিষয়ক এবং ক্রীড়ামন্ত্রী শ্রী মনসুখ মান্ডবিয়া একটি রূপান্তরকারী নবরূপের জাতীয় যুব উৎসব ২০২৫-এর ঘোষণা করেছেন। ভবিষ্যত ভারত নির্মাণে যুব সমাজের আরও বেশি করে অংশগ্রহণে প্রধানমন্ত্রীর ভাবনা পুনরায় তুলে ধরেছেন তিনি। নবরূপের এই উৎসবকে বলা হবে 'বিকশিত ভারত ইয়াং লিডার্স ডায়ালগ'। এই প্রাণবন্ত মঞ্চটি তরুণ ভারতীয়দের বিকশিত ভারতের ভাবনা পূরণে তাঁদের ধারণা এবং পরিপ্রেক্ষিত দেওয়ার ক্ষমতা দেবে।

বিকশিত ভারত ইয়াং লিডার্স ডায়ালগের উদ্দেশ্য ব্যাখ্যা করতে গিয়ে কেন্দ্রীয় মন্ত্রী ড: মনসুখ মান্ডবিয়া বলেন, 'এই উৎসবের লক্ষ্য, তরুণ প্রতিভাকে চিহ্নিত করে লালন করা, বিকশিত ভারতের জন্য তাদের ভাবনা-চিন্তা ভাগ করে নেওয়ার মঞ্চ দেওয়া। তরুণদের জন্য বিশেষ গুরুত্বপূর্ণ বিষয় হবে যে তাঁরা সরাসরি প্রধানমন্ত্রীর সঙ্গে কথা বলতে পারবেন এবং ভবিষ্যত ভারতের জন্য তাঁদের চিন্তা-ভাবনা উপস্থাপন করতে পারবেন। যার মাধ্যমে রাজনীতি ও সমাজ জীবনে যুব সমাজের অংশগ্রহণ বৃদ্ধি পাবে।'

## ৩ ঘণ্টা দাঁড় করিয়ে 'র‍্যাগিং', প্রাণ গেলো মেডিকেল ছাত্রের



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ভারতের গুজরাতে একটি মেডিকেল কলেজে শনিবার রাতে প্রথম বর্ষের কয়েক জন ছাত্র ভয়ানক র‍্যাগিংয়ের শিকার হয়েছে। তাদের ঘণ্টার পর ঘণ্টা দাঁড় করিয়ে রাখা হয়। টানা ৩ ঘণ্টা দাঁড় করিয়ে র‍্যাগিং শেষে এক ছাত্র মৃত্যুর কোলে ঢলে পড়লেন। এই ঘটনার উপযুক্ত তদন্তের দাবি জানিয়েছে যুবকের পরিবার। পুলিশের পক্ষ থেকে কলেজের অ্যান্টি র‍্যাগিং কমিটির কাছ থেকে রিপোর্ট চাওয়া হয়েছে। গুজরাতের পাটন জেলার ধরপুরের জিএমইআরএস মেডিক্যাল কলেজে এ ঘটনা ঘটে। সেখানেই সম্প্রতি ডাক্তারি পড়ার জন্য ভর্তি হয়েছিলেন ১৮ বছরের অনিল নটবরভাই মেথানিয়া। তিনি সুরেন্দ্রনগরের বাসিন্দা। অভিযোগ উঠেছে, শনিবার রাতে ওই কলেজের তৃতীয় বর্ষের ছাত্রেরা প্রথম বর্ষের কয়েকজন ছাত্রকে ডেকে পাঠান। তিন ঘণ্টা দাঁড় করিয়ে রাখা হয় তাদের। একটুও বসতে দেওয়া হয়নি। দীর্ঘক্ষণ দাঁড়ানোর পর একে একে তাদের পরিচয় জানতে চাওয়া হয়। সেই সময়েই অনিল আচমকা মাথা ঘুরে পড়ে গিয়ে সংজ্ঞা হারান। ছাত্রছাত্রীরাই তাকে উদ্ধার করে হাসপাতালের জরুরি বিভাগে নিয়ে ভর্তি করেন। কিন্তু কিছুক্ষণ পর সেখানে তাকে মৃত বলে ঘোষণা করা হয়। নাম প্রকাশে অনিচ্ছুক এক সহপাঠী বলেন, শনিবার রাত ১০টা নাগাদ আমাদের প্রথম বর্ষের ১০ জনের বেশি ছাত্রকে ডেকে পাঠানো হয়েছিল। হোয়াট্‌সঅ্যাপ গ্রুপের মাধ্যমে আমাদের ডেকেছিলেন সিনিয়রেরা। এক এক জনকে দুই থেকে তিন ঘণ্টা দাঁড় করিয়ে রাখা হয়। তার পর নিজের পরিচয় দিতে বলা হয়। কলেজের অ্যান্টি র‍্যাগিং কমিটি ইতিমধ্যে এই ঘটনার তদন্ত শুরু করেছে। পুলিশে অভিযোগও দায়ের করা হয়েছে কলেজের তরফ থেকে। কলেজের ডিন হার্দিক শাহ জানিয়েছেন, র‍্যাগিংয়ে অভিযুক্ত প্রমাণিত হলে ছাত্রছাত্রীদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়া হবে।

পাটনের এসপি রবীন্দ্র পটেল জানিয়েছেন, অস্বাভাবিক মৃত্যুর মামলা রুজু করা হয়েছে। কলেজের অ্যান্টি র‍্যাগিং কমিটির কাছ থেকে যত দ্রুত সম্ভব রিপোর্ট চাওয়া হয়েছে। তার ভিত্তিতে পুলিশ প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।



ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ৩১২ সংখ্যা ২০ নভেম্বর, ২০২৪ বুধবার ০৪ অগ্রহায়ণ, ১৪৩১

## সাতসকালে মানিকতলা বাজারে

### হানা টাস্ক ফোর্সের, দাম নিয়ন্ত্রণে কড়া পদক্ষেপ



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** পেঁয়াজ থেকে আলু হোক বা সবজি, আনাজপাতি-বাজারে জিনিসপত্রের দাম আকাশছোঁয়া। কমা তো দূর প্রতিদিনই লাফিয়ে বাড়ছে সব জিনিসের দাম। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে মঙ্গলবার সকালে মানিকতলা বাজারে হানা দিলেন টাস্ক ফোর্সের সদস্যরা। যদিও রাজ্যের সুফল বাংলার স্টলে সবকিছুর দাম নিয়ন্ত্রণে থাকলেও অনান্য ব্যবসায়ীরা সুযোগ বুঝে ফায়দা তুলতে ব্যস্ত। সে কারণে নভেম্বর শেষ হতে না হতেই জিনিসপত্রের দাম আকাশছোঁয়া। এবার আনাজপত্রের দাম কমাতেই মঙ্গলবার সাতসকালে মানিকতলা বাজার ঘুরে দেখলেন রাজ্য সরকারের টাস্ক ফোর্স ও রাজ্য পুলিশের এনফোর্সমেন্ট ব্রাঞ্চের আধিকারিকরা।

মানিকতলা বাজার মধ্য ও উত্তর কলকাতার গুরুত্বপূর্ণ মার্কেট। এদিন বাজারে গিয়ে ঘুরে দেখার পাশাপাশি ক্রেতাদের সঙ্গে কথা বলেন টাস্ক ফোর্সের সদস্য রবীন্দ্রনাথ কোলে। সাধারণ মানুষের যাতে সুবিধা হয় এমন দাম রাখার নির্দেশও দেওয়া হয়েছে।

প্রতি বছরই উৎসবের মরসুম শেষ হতেই সাধারণ মানুষের নাগালের বাইরে চলে যায় জিনিসপত্রের দাম। কিন্তু মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় প্রথম থেকেই ব্যবসায়ীদের এই পদক্ষেপের বিরোধী। দাম নাগালে রাখতে সে কারণেই এদিন সকালে মানিকতলা বাজারে হানা দিলেন টাস্ক ফোর্স ও রাজ্য পুলিশের এনফোর্সমেন্ট ব্রাঞ্চের আধিকারিকরা।

## সম্পাদকীয়

### তৃতীয় বিশ্বযুদ্ধের সূচনা! পরমাণু অস্ত্র ব্যবহারে সম্মতি দিলেন পুতিন

রুশ-ইউক্রেন যুদ্ধের হাজারতম দিনেই কার্যত তৃতীয় বিশ্বযুদ্ধের দামামা বেজে গেল। শত্রু দেশের বিরুদ্ধে রাশিয়ার সেনাকে পরমাণু অস্ত্র ব্যবহারের অনুমতি দিলেন ভ্লাদিমির পুতিন। আজ মঙ্গলবারই (১৯ নভেম্বর) এ সংক্রান্ত ফাইলে স্বাক্ষর করেছেন রুশ প্রেসিডেন্ট। আর তাতেই অশনিসঙ্কেত দেখছেন কূটনৈতিক ও প্রতিরক্ষা বিশেষজ্ঞরা।কুর্সি থেকে গলা ধাক্কা খাওয়ার কয়েকদিন আগেই কেন বাইডেন ইউক্রেনকে দূরপাল্লার ক্ষেপণাস্ত্র ব্যবহারের অনুমতি দিলেন তা নিয়ে নানা জল্পনা চলছে। হবু মার্কিন প্রেসীলেন্ট ডোনাল্ড ট্রাম্প এ বিষয়ে কোনও মন্তব্য না করলেও তাঁর ছেলে ডোনাল্ড ট্রাম্প জুনিয়র টুইটে বাইডেনকে কটাক্ষ ছুড়ে বলেছেন, 'ট্রাম্পের দায়িত্ব নেওয়ার আগেই 'তৃতীয় বিশ্বযুদ্ধ শুরু করার চেষ্টা করছেন বিদায়ী প্রেসিডেন্ট।' মেয়াদ শেষের মাত্র দুই মাস আগে এমন বড় সিদ্ধান্ত নেওয়া স্বাভাবিক কি না, এমন প্রশ্নে মার্কিন বিদেশ মন্ত্রকের মুখপাত্র ম্যাথিউ মিলার বলেন, 'বাইডেন চার বছরের জন্য নির্বাচিত হয়েছেন, তিন বছর দশ মাসের জন্য নয়। আমরা আমাদের মেয়াদের প্রতিটি দিন আমেরিকানদের স্বার্থ সংশ্লিষ্ট নীতিগুলো কার্যকর করতেই ব্যবহার করব। পরবর্তী প্রশাসন যদি ভিন্ন সিদ্ধান্ত নিতে চায়, সেটা তাদের বিষয়।'তাঁদের মতে, ইউক্রেন যদি কোনও কারণে রুশ ভূখণ্ডে মার্কিন যুক্তরাষ্ট্র থেকে পাওয়া দূরপাল্লার ক্ষেপণাস্ত্র ছোড়ে, তাহলে পাল্টা জবাব দিতে পরমাণু অস্ত্র ব্যবহার করবে রাশিয়া। আর রাশিয়া পরমাণু অস্ত্র ব্যবহার করলে তৃতীয় বিশ্বযুদ্ধ অনিবার্য।

মার্কিন প্রেসিডেন্টের কুর্সি থেকে বিদায় নেওয়ার আগেই জো বাইডেন দূরপাল্লার ক্ষেপণাস্ত্র ব্যবহারের উপর ইউক্রেনের ওপর নিষেধাজ্ঞা তুলে নিয়েছেন। অর্থাৎ মার্কিন যুক্তরাষ্ট্র থেকে পাওয়া দূর পাল্লার ক্ষেপণাস্ত্র রাশিয়ার বিরুদ্ধে ব্যবহার করার ছাড়পত্র পেয়েছে ভোলদিমির জেলেনস্কির দেশ। আর ওই খবর জানাজানি হতেই মস্কোর তরফে হুঁশিয়ারি দেওয়া হয়েছিল, ইউক্রেন যদি রাশিয়ার ভূখণ্ডে আঘাত হানে, তবে 'যথাযথ ও কার্যকর' পদক্ষেপ নেওয়া হবে। রুশ প্রেসিডেন্টের কার্যালয় ক্রেমলিনের মুখপাত্র দিমিত্রি পেসকভ বলেছেন, রাশিয়ায় এই ধরনের হামলা যুক্তরাষ্ট্র ও তাদের মিত্রদের সরাসরি রাশিয়ার বিরুদ্ধে যুদ্ধে জড়ানোর শামিল হবে। মার্কিন যুক্তরাষ্ট্র কার্যত অশান্তির আগুনে ঘি ঢালছে।


## মাতৃ স্বপ্নাদেশে তৈরি হয়েছিল আদ্যাপীঠ



মৃত্যুঞ্জয় সরদার
(সপ্তম পর্ব)

সুস্পষ্ট পথ।

কালী (আদ্য মা রূপে) এবং রাধা-কৃষ্ণের উপাসনাকে একত্রিত করে একটি একক মন্দির পাওয়া সত্যিই অস্বাভাবিক, যা সাধারণত হিন্দুদের দুটি ভিন্ন সম্প্রদায়ের দ্বারা উপাসনা করা হয়। আবার, তবে, আদ্যপীঠ মন্দিরটি সম্প্রদায় বা ধর্মের সীমানা মুছে দেয়, প্রকাশ করে যে ঈশ্বর এক।




মন্দিরটি এমনভাবে তৈরি করা হয়েছে যে যখনই দরজা খোলা হয় তখন বেদীটি সম্পূর্ণরূপে দৃশ্যমান হয়। হাজার হাজার তীর্থযাত্রী এবং দর্শনার্থী প্রতিদিন উপাসনা, প্রার্থনা, দর্শনের অভিজ্ঞতা এবং প্রসাদ গ্রহণের জন্য একত্রিত হন। নিকটবর্তী নাটমন্দিরে (মিউজিক হল) প্রতিদিন ধর্মীয় গান ও বক্তৃতা অনুষ্ঠিত হয়। আদ্যপীঠকে শুধুমাত্র পশ্চিমবঙ্গেই নয়, সীমান্তের বাইরেও পবিত্রতম স্থানগুলির মধ্যে একটি হিসাবে বিবেচনা করা হয়। প্রতিদিনের পূজা

প্রতিদিনের পূজা সনাতন পদ্ধতিতে করা হয়। মূর্তিদের স্নেহের সাথে স্নান করানো হয় এবং পোশাক পরানো হয়, তারপর ফুল, চন্দন পেস্ট, ধূপ এবং খাবার দেওয়া হয়। অন্নদা ঠাকুরকে স্বপ্নে শ্রীরামকৃষ্ণের দ্বারা অন্নদা ঠাকুরের নির্দেশিত খাবারের প্রকার ও পরিমাণ নির্দেশ করা হয়েছিল এবং এই নির্দেশগুলি আজও কঠোরভাবে অনুসরণ করা হয়। যেহেতু মন্দিরটি ভিতরেই ছোট, তাই মন্দিরের বেদীর সম্পূর্ণ দৃশ্যে একটি পৃথক ভবন, নিকটবর্তী ভোগ ঘরে খাবারের নৈবেদ্য তৈরি করা হয়। এইভাবে নিবেদিত হয়ে আশীর্বাদপ্রাপ্ত খাবারটি

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## ভারত সফরে যাচ্ছেন পুতিন

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** ব্রিকস সম্মেলনে যোগ দিতে অক্টোবরে রাশিয়া গিয়েছিলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এবার রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন যাচ্ছেন ভারত সফরে। তবে এখনও দিনক্ষণ চূড়ান্ত হয়নি। তবে পুতিনের সফরের বিষয়টি নিশ্চিত করেছে ক্রেমলিন।



রাশিয়ার প্রশাসনিক সদর দফতর ক্রেমলিনের পক্ষে জানানো হয়েছে, খুব শীঘ্রই পুতিনের ভারতের সফরসূচি ঘোষণা করা হবে। তা নিয়ে আলোচনা চলছে। ভারতে মোদীর সঙ্গে বৈঠক করবেন পুতিন। চলতি বছরেই দুই বার রাশিয়া গিয়েছিলেন মোদী। গত জুলাইয়ে ভারত-রাশিয়া বার্ষিক শীর্ষ সম্মেলনে যোগ দিতে মস্কো গিয়েছিলেন তিনি। তার পর অক্টোবরে ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতেও রাশিয়া যান ভারতের প্রধানমন্ত্রী। সম্মেলনের ফাঁকেই পুতিনের সঙ্গে দ্বিপাক্ষিক পার্শ্ববৈঠকও সারেন মোদী। সেখানে একাধিক বিষয়ে আলোচনা হয় দুই বিশ্বনেতার। তবে দু'বারই আলোচনায় উঠে এসেছে ইউক্রেন প্রসঙ্গ।

প্রসঙ্গত, রুশ-ইউক্রেন যুদ্ধ শুরু হওয়ার পরেই আমেরিকাসহ ন্যাটো গোষ্ঠীভুক্ত দেশগুলি রাশিয়াকে কূটনৈতিক দুনিয়ায় একঘরে করার চেষ্টা করেছে। মস্কোর বিরুদ্ধে যুদ্ধাপরাধের অভিযোগ তুলে তাদের উপর একাধিক অর্থনৈতিক অবরোধও জারি করেছে আমেরিকা। যদিও আমেরিকার বারণ স্বত্ত্বেও রাশিয়া থেকে অশোধিত তেল কেনা অব্যাহত রেখেছে নয়াদিল্লি। একই সঙ্গে, গত কয়েক মাসে একাধিক বার পুতিন এবং ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কিকে মোদী যুদ্ধ বন্ধ করে আলোচনায় বসার আহ্বান জানিয়েছেন। আমেরিকার সঙ্গে নিবিড় কৌশলগত সম্পর্ক রাখলেও পুরনো মিত্র রাশিয়ার বিরুদ্ধে যায়, সরাসরি এমন কোনও সিদ্ধান্তে সায় দেয়নি ভারত। সেই আবহে এ বার ভারতে আসছেন পুতিন।

## কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তন্ত্ররাজ গ্রন্থে এক সিদ্ধলক্ষ্মীর কথা আছে যার কৃপায় যুদ্ধে জয়লাভ করা যায়। সে সিদ্ধলক্ষ্মীর একশত মুখ, দুইশত বাহু, প্রতিটি মুখ ত্রিনয়ন-বিশিষ্ট, ভয়ঙ্কর এবং সমান আকৃতি বিশিষ্ট শক্তি দ্বারা পরিবৃতা।লক্ষ্মী দেবীর রূপ বিশ্লেষণ করে রজোগুণেরই আধিক্য পাওয়া যায়। হিরণ্যবর্ণ, স্বর্ণমুকুট, নানা অলঙ্কার, হস্তিদের ছেটানো অমৃত-জলে স্নান প্রভৃতি বিষয়গুলো প্রকৃতির রজোগুণকেই সূচিত করে। দেবীর হাতে পদ্ম এবং তিনি পদ্মের উপর বসে থাকেন অর্থাৎ পদ্মের সাথে দেবীর একটি বিশেষ সম্পর্ক রয়েছে। **ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

## বাংলাদেশ-ভারত সীমান্তে ৪.৩৬ কোটি টাকা মূল্যের স্বর্ণ উদ্ধার, আটক ১




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বাংলাদেশ-ভারত আন্তর্জাতিক সীমান্তে বিপুল পরিমাণ স্বর্ণ উদ্ধার করেছে সীমান্ত রক্ষী বাহিনী বিএসএফ। পশ্চিমবঙ্গের উত্তর ২৪ পরগণা জেলার তেঁতুলবেরিয়া সীমান্ত চৌকির অধীনে ৫ নম্বর ব্যাটালিয়নের জওয়ানরা এই স্বর্ণ বাজেয়াপ্ত করেছে। ওই স্বর্ণের চালানটি বাংলাদেশ থেকে ভারতে পাচার করা হচ্ছিল। বিএসএফ এক বিবৃতিতে জানিয়েছে, নির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে, সোমবার তেঁতুলবেরিয়া সীমান্ত চৌকি এলাকার অধীনস্থ আঁচলপাড়া গ্রামে একটি অভিযান চালায়। এসময় সন্দেহভাজন একজন সিভিল ইঞ্জিনিয়ারকে গ্রেফতার করে। তার কাছ থেকে উদ্ধার হয় ৫.৯ কেজি ওজনের ৫০টি স্বর্ণের বার। যার আনুমানিক বাজার মূল্য ৪.৩৬ কোটি টাকা। জানা গেছে, তেঁতুলবেড়িয়া সীমান্ত চৌকি থেকে প্রায় ২,৭০০ মিটার পিছনে আঁচলপাড়া/পাঁচপোতা গ্রামে চোরাচালান কার্যকলাপ সম্পর্কে আগাম তথ্য পায়। তার ভিত্তিতেই বিএসএফ সদস্যরা সন্দেহজনক স্থানে অভিযান শুরু করে। অভিযুক্ত সিভিল ইঞ্জিনিয়ার তার বাড়ির কাছে বিএসএফ দলকে দেখে পিছনের গেট দিয়ে পালানোর চেষ্টা করে। এ সময় তাকে চ্যালেঞ্জ জানায়, কিন্তু তারপরেও ওই সিভিল ইঞ্জিনিয়ার পালানোর চেষ্টা করে। এক পর্যায়ে ১ রাউন্ড ফাঁকা গুলি চালায়, যার ফলে চোরাকারবারী আতঙ্কিত হয়ে পড়ে এবং নিরুপায় হয়ে ধরা দেয়। ঘটনাস্থলে অভিযুক্ত ব্যক্তির কাছে তল্লাশি করে কালো কাপড়ের বেল্টে মোড়ানো ৫০টি স্বর্ণের বার একটি সিন্থেটিক ক্যারি ব্যাগে লুকিয়ে রাখা হয়েছিল। জব্দকৃত স্বর্ণসহ ওই ব্যক্তিকে পরবর্তী তদন্তের জন্য তেঁতুলবেড়িয়া সীমান্ত ফাঁড়িতে নিয়ে যাওয়া হয়। জিজ্ঞাসাবাদে, লোকটি নিজেকে একজন সিভিল ইঞ্জিনিয়ার বলে দাবি করেছে। তিনি বলেন, দ্রুত অর্থ উপার্জনের জন্য চোরাচালানের সাথে লিপ্ত হয়ে পড়ে। সোমবার সকালের দিকে তিনি ওই স্বর্ণের চালানটি হাতে পান এবং নিজের কাছে ১-২ ঘন্টার জন্য রেখে তারপরে অন্য এক অচেনা ব্যক্তির কাছে হস্তান্তর করার কথা ছিল। এইজন্য চালান প্রতি ৫০০ থেকে ১,০০০ টাকা পেতেন ওই ব্যক্তি। কিন্তু সেগুলি হস্তান্তর করার আগেই বিএসএফ কর্মীদের হাতে ধরা পড়ে।

গ্রেফতারকৃত ব্যক্তি এবং জব্দ করা স্বর্ণ পরবর্তী ব্যবস্থার জন্য কলকাতার রাজস্ব গোয়েন্দা অধিদপ্তরের (ডিআরআই) কাছে হস্তান্তর করা হয়েছে।

# সিনেমার খবর

cinema TV

## "এবার লেডি সিংহামকে নিয়ে সিনেমা করতে যাচ্ছে নির্মাতা রোহিত শেঠি"



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** সম্প্রতি দীপাবলিতে মুক্তি পেয়েছে নির্মাতা রোহিত শেঠির পরিচালনায় একঝাঁক তারকা সম্বলিত সিনেমা "সিংহাম অ্যাগেইন"। সিনেমাটিতে লেডি সিংহাম হিসেবে দুর্দান্ত অভিনয় করেছেন জনপ্রিয় বলিউড তারকা দীপিকা পাড়ুকোন। দীপিকার অভিনয়ে মুগ্ধ হয়ে এবার স্বতন্ত্র নতুন সিনেমা নির্মাণের ঘোষণা দিলেন পরিচালক রোহিত শেঠি।

জানা যায়, 'সিংহাম অ্যাগেইন' ছবিতে দীপিকা 'লেডি সিংহাম' চরিত্রে ছোট একটি উপস্থিতি রাখেন। যা ভক্তদের করেছে বিচলিত। সম্ভবত তাই দীপিকাকে নিয়ে আলাদা একটি সিনেমা বানানোরই ঘোষণা দিলেন এই নির্মাতা। লেডি সিংহাম চরিত্রটি সিংহাম অ্যাগেইন ছবিতে একটি বিস্তৃত ক্যামিও ছিল। রোহিত শেঠি তার পরের সিনেমা লেডি সিংহামে শক্তিশালী নারী পুলিশ হিসেবে চরিত্রটি প্রতিষ্ঠিত করবেন।

নতুন সিনেমা প্রসঙ্গে রোহিত বলেন, 'এখন আমাদের স্ক্রিপ্ট তৈরি করতে হবে। আমাদের কাছে একটি গল্পের কনসেপ্ট রয়েছে, তবে জানি না এটিকে কোথায় নিয়ে যেতে পারব। আমি জানি চরিত্রটি কেমন হবে এবং গল্পের মূল ধারা কী হবে। তবে পরিচালক ও লেখক হিসেবে আমি তার পুরোযাত্রা সম্পর্কে এখনো জানি না। তবে লেডি সিংহাম অবশ্যই একটি নারী পুলিশকেন্দ্রিক সিনেমা হবে। তা নাহলে আমরা কখনোই এ চরিত্রটি দর্শকের কাছে তুলে ধরতাম না। সিংহাম অ্যাগেইন সিনেমায় আমরা এই চরিত্র এবং তার নামের ওপর যতটা গুরুত্ব দিয়েছি, তার পেছনে অবশ্যই একটি কারণ ছিল।'

সিংহাম অ্যাগেইনের দ্বিতীয় সিক্যুয়েল 'সিংহাম অ্যাগেইন' দর্শকমহলে ইতোমধ্যেই হয়েছে তুমুল জনপ্রিয়। এই চলচ্চিত্রে মূল চরিত্রে অভিনয় করেন অজয় দেবগন, সালমান খান, কারিনা কাপুর, দীপিকা পাড়ুকোন, অক্ষয়সহ অনেকে। এখন পর্যন্ত সিনেমাটি থেকে মোট আয় হয়েছে ৩০০ কোটি টাকা।



## 'আমাদের বন্ধুত্ব দেখে লোকজনের জ্বলছে'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বেশ কয়েক মাস ধরেই বলিউডের তারকা দম্পতি অভিষেক বচ্চন ও ঐশ্বরিয়া রায় বচ্চনের সংসার ভাঙার গুঞ্জন উড়ছে। এ নিয়ে টুঁ-শব্দও করেননি তারা। কিছুদিন আগে খবর চাউর হয়, বলিউড অভিনেত্রী নিমরত কৌরের কারণে ঐশ্বরিয়ার সংসারে ভাঙন দেখা দিয়েছে। এরপর জল্পনা আরও বাড়তে থাকে। কিন্তু এই অভিযোগ ইঙ্গিতপূর্ণভাবে অস্বীকার করেন 'দসভি'খ্যাত এই অভিনেত্রী।


নিমরত কৌর পরকীয়া সম্পর্কে জড়ানোর অভিযোগ অস্বীকার করলেও থেমে নেই চর্চা। এরই মাঝে ইনস্টাগ্রামে একটি ভিডিও পোস্ট করেছেন নিমরত। ইঙ্গিতপূর্ণ এই ভিডিও নিয়ে আরও জোরালো হয়েছে নিমরত চর্চা। এ ভিডিও এখন সোশ্যাল মিডিয়ায় রীতিমতো ভাইরাল।

নিমরতের পোস্ট করা ভিডিওতে দেখা যায়, সোফার ওপরে বসা একটি বিড়াল, এ সোফার সামনে বসে হাত নাড়িয়ে কথা বলছেন বলিউড অভিনেত্রী নিমরত কৌর। মূলত, তিনি ঠোঁট মেলাচ্ছেন পাঞ্জাবি ভাষার একটি কণ্ঠের সঙ্গে। যার বাংলা তরজমা 'আমাদের আসল বন্ধুত্ব দেখে লোকজনের জ্বলছে বা হিংসা করছে। বন্ধুত্ব এমনই হওয়া উচিত, যাতে করে লোকজন সেটা দেখে হাঁ হয়ে যান।'

নিমরত এ ভিডিওর ক্যাপশনে লেখেন, 'আমার আর কেসির (করম চাঁদ) বন্ধুত্বটা এরকম। এটি আপনি আপনার বয় ফ্রেন্ডকে ট্যাগ করুন।'

নিমরতের এই ভিডিও নিয়ে নানারকম মন্তব্য করছেন তার ভক্ত-অনুরাগীরা। অনেকে বলছেন, অভিষেকের সঙ্গে তার বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ব্যাপারটি বোঝানোর জন্যই এই পথ বেছে নিয়েছেন নিমরত।

## মিমির পুরোনো ভিডিও ভাইরাল!





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** তারকাদের জীবন নিয়ে সাধারণ মানুষের বরাবরই কৌতূহল অনেক বেশি। তাদের পছন্দ-অপছন্দ নিয়েও ভক্তদের মাঝে চর্চাও কম হয় না। তারকাদের ডেটিং, সম্পর্ক বা বিয়ে, কে-কোথায়-কখন কার সঙ্গে যাচ্ছেন, সবচেয়ে বেশি চর্চায় থাকে।

এমনকী তারকা হওয়ার আগে তাদের জীবন কেমন ছিল, নো-মেকআপ লুক, সবটা নিয়েই আগ্রহ থাকে তুঙ্গে। যে কারণে ভক্তদের আগ্রহ পূরণে তারকারাও নিজেদের বিভিন্ন মুহূর্তের ছবি-ভিডিও প্রকাশ করেন সামাজিক যোগাযোগমাধ্যমে।

বাংলার সাংসদ ও নায়িকা মিমি চক্রবর্তী অনুরাগীদের জন্য প্রায়ই সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেন ছবি, ভিডিও, নানা মুহূর্ত, সিক্রেটস। সম্প্রতি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে মিমির পুরোনো একটি ভিডিও।

তখনও মিমি চক্রবর্তীকে কেউ চেনেন না। বিনোদন জগতে ক্যারিয়ার শুরু হয়নি। তবে টিনসেল টাউনে ঢোকার জন্য প্রস্তুতি শুরু হয়েছে, চেষ্টাও চালিয়ে যাচ্ছিলেন জোর কদমে।

ঠিক সেই সময়ের একটি ভিডিও হঠাৎই সামনে এসেছে। যেখানে দেখা যাচ্ছে, একটি প্রতিষ্ঠানের প্রশিক্ষণ সম্পর্কে নিজের ফিডব্যাক জানাচ্ছেন তিনি।

অভিনয় জগতে প্রবেশের আগে গ্রুমিং থেকে নানা শিক্ষা সেখান থেকেই নিয়েছিলেন এই অভিনেত্রী। কেমন ছিল সেখানে তার অভিজ্ঞতা, সেটাই তুলে ধরেন মিমি। যেই ভিডিও বহু বছর পর ইন্টারনেট দুনিয়ায় নতুন করে ভাইরাল হয়েছে।

ভাইরাল ভিডিওতে মিমিকে বলতে শোনা যায়, তিনি ক্যাটওয়াক কী সেটাই জানতেন না। সম্রাট স্যার তাকে অনেক সাহায্য করেছেন সবকিছুতে। এই ইনস্টিটিউট থেকেই ক্যাটওয়াক, মডেলিংয়ের অ আ ক খ শিখেছেন নায়িকা।

মিমি বলেন, 'সবাই বলত, আমি ছেলেদের মতো হাঁটি। স্যারের জন্যই আমি র‌্যাম্পে হাঁটতে পেরেছি।'

মিমির ভিডিও সামনে আসতেই ট্রলে মেতেছেন নেটিজেনরা। অনেকে অভিনেত্রীর আগের লুকের সঙ্গে বর্তমান লুকের পার্থক্য টেনে এনে বিভিন্ন মন্তব্য করছেন। কেউ বলেছেন, টাকা পয়সা থাকলে একজন মানুষের রূপ কতটা বদলে যায়।

প্রসঙ্গত, মডেলিং দিয়ে ক্যারিয়ার শুরু হলেও মূলত ছোট পর্দার মাধ্যমেই পরিচিতি পেয়েছিলেন মিমি চক্রবর্তী। 'গানের ওপারে'-ধারাবাহিকের পুপে চরিত্রে সকলের মন জয় করেন তিনি।

এরপর ২০১২ সালে পরপর দুটি হিট- 'বাপি বাড়ি যা' এবং 'বোঝে না সে বোঝে না'। এরপর আর পিছন ফিরে তাকাতে হয়নি অভিনেত্রীকে। তার সবশেষ মুক্তিপ্রাপ্ত ছবি 'তুফান'। বাংলাদেশের সুপারস্টার শাকিব খানের সঙ্গে এই ছবিতে জুটি বাঁধেন নায়িকা।

## গোপন তথ্য ফাঁস করলেন অনুপম খের



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** কপালে বলিরেখা, মাথায় সাদা চুল, গোঁফ পুরো পেকে গেছে। সম্প্রতি এমনই এক লুকে ধরা দিয়েছেন বলিউডের প্রবীণ অভিনেতা অনুপম খের। সদ্য মুক্তি পেয়েছে তার নতুন সিনেমা 'বিজয় ৬৯'।

সিনেমায় তার অভিনয় দেখে মুগ্ধ দর্শকরা। পাশাপাশি খুশি অভিনেতার মাও, দিলেন দরাজ সার্টিফিকেট। আনন্দিত হয়ে অনুপম সামাজিক যোগাযোগ মাধ্যমে এক ভিডিও পোস্ট করেছেন। যেখানে তিনি মায়ের কাছে গোপন তথ্য ফাঁস করেছেন।

ভিডিওতে বলতে শোনা যায়, 'এই ছবি সকলের দেখা উচিত। কারণ অনেকেই মনে করেন বয়স হয়ে গেলে সেই সংশ্লিষ্ট ব্যক্তি আর কিছুই করতে পারবেন না। কিন্তু তেমনটা যে নয় সেই কথাই বলছে এই ছবি।'

তখন অনুপম নিজেই খোলাসা করেছেন যে তিনি সাইকেল চালাতে আগে পারতেন না দু'বছর আগেই শিখেছেন। সেই সঙ্গে অভিনেতা বলেন, 'এই ছবির শুটিং করতে গিয়েই আমার কাঁধ ভেঙে গিয়েছিল।' ছেলের মুখে একথা শুনে রীতিমতো অবাক হয়েছেন অভিনেতার মা।

সিনেমায় নিজের চরিত্র প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে অনুপম বলেন, 'আমার বয়স তখন মাত্র ২৮ বছর ছিল, যখন আমি অভিনয় শুরু করেছিলাম। তখন মানুষ আমায় চিনত না। আমি এক বৃদ্ধের চরিত্রে অভিনয় করেছিলাম। সকলে মনে করেছিলেন পর্দার ব্যক্তি সত্যি একজন বৃদ্ধ।'

অভিনেতার ভাষ্য, 'একইভাবে যদি আপনি বিজয় ৬৯ দেখেন, সেখানে আমাকে দেখা যাবে না। এটাই আমার কাছে প্রাপ্য। কারণ, এখানে আমি ৬৯ বছরের এক বৃদ্ধের চরিত্রে ২৮ বছরের এনার্জি উজার করে দিয়েছি।'

প্রসঙ্গত, মাত্র ২৮ বছর বয়সে এক বৃদ্ধের চরিত্রে অভিনয় করে সবাইকে তাক লাগিয়ে দেন অনুপম। এরপর আর পেছনে ফিরে তাকাতে হয়নি তাকে। ৪০ বছরে ৫৪০টি ছবি করে ফেলেছেন তিনি। সম্প্রতি সারাংশের ৪০ বছর পূর্তি উপলক্ষ্যে অনুপমকে এক বিশেষ উপহার দিয়েছেন মহেশ ভাট।

## জয়ার প্রশংসায় মজলেন মালয়ালম অভিনেত্রী





**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** দুই বাংলার সমান জনপ্রিয় অভিনেত্রী জয়া আহসান। বাংলাদেশ, ভারত দুই দেশেই রয়েছে তার অসংখ্য ভক্তশ্রেণি। ঢালিউড, টালিউডের পাশাপাশি বলিউডেও কাজ করেছেন জয়া।

সবশেষ এই অভিনেত্রীকে দেখা মিলেছে পঙ্কজ ত্রিপাঠির কড়ক সিঙ্ক ওয়েব ফিল্মে। যেখানে তার সঙ্গে কাজ করেছেন মালয়ালম অভিনেত্রী পার্বতী থিরুভোথু। দক্ষিণ সিনেমার গুণী এই অভিনেত্রীর 'থাঙ্গালান' সিনেমা চলতি বছরের অন্যতম আলোচিত একটি ছবি। যেখানে চিয়ান বিক্রমের মতো তারকার সঙ্গে পাল্লা দিয়ে অভিনয় করেছেন পার্বতী।

সেই মালয়ালম অভিনেত্রীর মুখেই সম্প্রতি শোনা গেল জয়া আহসানের প্রশংসা! এক সাক্ষাৎকারে নিজের সহ-অভিনেত্রী প্রসঙ্গে পার্বতী বলেছেন, 'জয়া অভিনেত্রী হিসেবে তুখোড়। আমরা ভালো সময় কাটিয়েছিলাম শুটিংয়ের সময়। ভবিষ্যতে জয়ার সঙ্গে আরও কাজ করার ইচ্ছে আছে।'

'থাঙ্গালান' ছবিটি নিয়ে পার্বতী বলেন, 'গ্ল্যামারাস চরিত্রে অভিনয় না করলেও এখানে আমার মেকআপ করতে অনেক বেশি সময় লেগেছে। রোজ আমার প্রায় আড়াই ঘণ্টা মেকআপের পেছনে যেত। চড়া রোদের মধ্যে শুটিং হতো। একদিন পরিচালক বেলা দুইটার সময় আমাদের কৃষিকাজ করতে বলেছিলেন। তাপে আমরা ঝলসে যেতাম। আসলে পরিচালক এটাই চেয়েছিলেন। ছবিতে আমাকে গ্ল্যামারাস লুকে দেখা যায়নি। তবে এই লুক আমার দারুণ ভালো লেগেছিল। আসলে আমি নিজেকে যেকোনো রূপেই ভালোবাসি।'

দক্ষিণের দাপুটে অভিনেত্রী হলেও বলিউডে সেভাবে নিয়মিত নন পার্বতী। এর কারণ হিসেবে খানিকটা অভিমান নিয়ে তিনি বলেন, 'আমি বলিউড থেকে ডাক পাই না। আমি তো হিন্দি ছবি করতে চাই। কিন্তু আমাকে না ডাকলে আমি কী-ই বা করতে পারি। দক্ষিণি শিল্পীদের হিন্দি নিয়ে সমস্যা থাকে। কিন্তু আমি দক্ষিণি ভাষার আগে হিন্দি লিখতে-পড়তে শিখেছি। বাবা আর্মিতে ছিলেন। ক্যান্টনমেন্টে প্রচুর উত্তর ভারতীয় থাকতেন। বন্ধুদের মধ্যেই অনেক উত্তর ভারতীয় ছিল। ওদের সঙ্গে হিন্দিতে কথা বলেছি।'

এদিকে পার্বতীর মন্তব্যে বেশ খুশি হয়েছেন জয়া। ধন্যবাদ জানিয়ে এই অভিনেত্রীর প্রতি কৃতজ্ঞতা ও ভালোবাসা প্রকাশ করেছেন তিনি।

## অবসরের দিনক্ষণ
# জানালেন সাউদি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ক্রিকেটের রাজকীয় ফরম্যাট টেস্ট থেকে সরে দাঁড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন নিউজিল্যান্ডের তারকা পেসার টিম সাউদি। ঘরের মাঠ হ্যামিল্টনের সেডন পার্কে ইংল্যান্ডের বিপক্ষে টেস্ট হবে লাল বলের ক্যারিয়ারে তার শেষ সিরিজ। সিরিজটি শুরু হবে ২৮ নভেম্বর। শেষ ম্যাচ ১৪ ডিসেম্বর।

কিউইদের টেস্ট ক্যারিয়ারের দ্বিতীয় সর্বোচ্চ এ উইকেট শিকারি বলেছেন, 'নিউজিল্যান্ডের হয়ে খেলা বিশাল সম্মান ও প্রাপ্তির। কিন্তু সময় বলছে এখনই সরে দাঁড়ানোর সঠিক সময়। আমি দলটির হয়ে ১৮ বছর খেলেছি।'

তিনি আরও বলেন, 'টেস্ট আমার হৃদয়ে বিশেষ জায়গা নিয়েছে। সুতরাং আমার টেস্ট ক্যারিয়ার যাদের বিপক্ষে শুরু হয়েছিল, সেই একই দলের বিপক্ষে এমন বড় সিরিজ এবং আমার জন্য তিনটি বিশেষ গ্রাউন্ডে ব্ল্যাক ক্যাপসদের সঙ্গে খেলে শেষ করাই হবে সর্বোত্তম উপায়।'

লাল বলের ক্রিকেট থেকে অবসরের ঘোষণা দিলেও সাদা বলের ক্যারিয়ার তিনি চালিয়ে যাবেন কি না, সে ব্যাপারে এখনও সিদ্ধান্ত নেননি সাউদি।

১৮ বছরের ক্যারিয়ারে সাউদি নিউজিল্যান্ডের হয়ে চারটি বিশ্বকাপ, সাতটি টি-টোয়েন্টি বিশ্বকাপ, দুটি চ্যাম্পিয়ন্স ট্রফি খেলেছেন। সাউদাম্পটনে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে ফাইফারও নেন তিনি।

লাল বলের ক্রিকেটে ১০৪ ম্যাচে তার উইকেট ৩৮৫। একমাত্র খেলোয়াড় হিসেবে টেস্টে ৩০০, ওয়ানডেতে ২০০ ও টি-টোয়েন্টিতে ১০০ উইকেটের মালিক ৩৫ বছর বয়সি পেসার।

# ব্রাজিলিয়ান রেফারিকে আঙুল তুলে শাসালেন মেসি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচে আবারও বিতর্কিত রেফারিংয়ের মুখোমুখি হয়েছে আর্জেন্টিনা। প্যারাগুয়ের বিপক্ষে আর্জেন্টিনা ২-১ ব্যবধানে হারলেও এখন আলোচনার কেন্দ্রবিন্দু ব্রাজিলিয়ান রেফারি অ্যান্ডারসন দারোস্কোর কিছু বিতর্কিত সিদ্ধান্ত।

ম্যাচের ৩৩ মিনিটে বাজে একটি ফাউলের জন্য হলুদ কার্ড দেখেন প্যারাগুয়ে ডিফেন্ডার ওমর আলদেরেতে। কিন্তু ভুল থেকে শিক্ষা নেননি। ঠিক চার মিনিট পর আবারও ফাউল, এবার তার শিকার লিওনেল মেসি। আর্জেন্টিনার খেলোয়াড়দের জোরালো দাবির মুখেও আলদেরেতেকে দ্বিতীয় হলুদ কার্ড দেখাননি দারোস্কো। ব্যাপারটা মোটেই ভালো লাগেনি মেসির। বিরতির সময় মাঠেই রাগ ঝেড়েছেন। ৩৭ মিনিটে মেসি প্রতি আক্রমণে ওঠার সময় তাকে বাজেভাবে ফাউল করে ফেলে দেন আলদেরেতো। দারোস্কো তখন তাকে কার্ড দেখালে মোট দুইটি হলুদ কার্ডে লাল কার্ড দেখে মাঠ ছাড়তে হতো হেতাফে সেন্টার ব্যাককে। কিন্তু সেটি না হওয়ায় দারোস্কো মাঠেই বিষোদ্গারের শিকার হন। বিরতির সময় নিকোলাস ওতামেন্দিকে সঙ্গে নিয়ে মাঠেই তার ওপর ক্ষোভ ঝাড়েন মেসি। আঙুল তুলে কিছু একটা বলতে দেখা গেছে মেসিকে।

এরপর সংবাদ সম্মেলনেও রেফারিকে অন্যভাবে কাঠগড়ায় তুলেছেন আর্জেন্টিনার কোচ লিওনেল স্কালোনি। দারোস্কোকে সরাসরি কিছুই বলেননি স্কালোনি। আর্জেন্টিনার সংবাদমাধ্যম টিওয়াইসি স্পোর্টস জানিয়েছে, সংবাদ সম্মেলনে রেফারিং নিয়ে জানতে চাওয়া হয়েছিল তার কাছে। স্কালোনি যা বলেছেন, তা সরাসরি অভিযোগ তোলার চেয়ে কম নয়। তিনি বলেন, অনেক কিছুই বলতে পারি,কিন্তু সেসব অর্থহীন ও অজুহাত মনে হবে। তাই এসব না বলাই ভালো, তাতে অজুহাত মনে হবে না এবং লোকেও এভাবে ভাববে না। মাঠে কী ঘটেছে আমরা সবাই দেখেছি। ফলের সঙ্গে এর কোনো সম্পর্ক নেই।

স্কালোনি অতীতে এসব ঘটনা থেকে শিক্ষা নেওয়ার কথাও বলেন। তিনি জানান, এসব থেকে আমি অনেক কিছুই শিখেছি। কোনো কিছু সঠিক প্রমাণ করতে এসব অজুহাতের মতো শোনায় এবং লোকেও অন্যভাবে দেখে। তাই এসব পেছনে ফেলে আসাই ভালো।

ম্যাচ শেষে আর্জেন্টিনার সমর্থকদেরও রেফারির ওপর আরও বেশি ক্ষোভ জমার কথা। কারণ ৪৭ মিনিটে হেড থেকে এই আলদেরেতের গোলেই ২-১ গোলে এগিয়ে যায় প্যারাগুয়ে এবং শেষ পর্যন্ত এই ব্যবধানেই হেরেছে আর্জেন্টিনা। দারোস্কা ২০১৪ সালে ফিফার তালিকাভুক্ত রেফারি হন। ২০১৮ বিশ্বকাপের রেফারিদের তালিকায় তাঁকে রেখেছিল ফিফা। তবে এবার কোপা লিবার্তাদোরেসে শেষ ষোলোয় রেসিং-রিভার প্লেট ম্যাচে তাঁর রেফারিং নিয়ে বিতর্ক হয়েছে। ২০২২ বিশ্বকাপ বাছাইয়ে উরুগুয়ে-ইকুয়েডর ১০ম রাউন্ডের ম্যাচেও বিতর্কিত রেফারিং করেছেন দারোস্কো।

উল্লেখ্য, আসরে এটি আর্জেন্টিনার তৃতীয় হার। হারের পরও ১১ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের শীর্ষেই আছে আর্জেন্টিনা। ১০ ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে দুই নম্বরে থাকা কলম্বিয়ার সামনে সুযোগ আছে পয়েন্টের দিক থেকে তাদের পাশে বসার।

# আর্জেন্টিনাকে হারিয়ে দিল প্যারাগুয়ে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** বিশ্বকাপ বাছাইয়ের ম্যাচে শুরুতে এগিয়ে গিয়েও প্যারাগুয়ের কাছে ২-১ ব্যবধানে হেরেছে আর্জেন্টিনা। আসরে এটি তাদের তৃতীয় হার।

জালের দেখা পেতে খুব বেশি একটা অপেক্ষা করতে হয়নি আর্জেন্টিনাকে। ম্যাচের ১১তম মিনিটে এনজো ফার্নান্দেসের থ্রু পাস ধরে লেগে থাকা ডিফেন্ডারকে পেছনে ফেলে আড়াআড়ি শটে বল জালে জড়ান লাউতারো মার্টিনেজ। শুরুতে অফসাইড দেন লাইন্সম্যান। পরে ভিএআরের সাহায্য নিয়ে গোলের বাঁশি বাজান রেফারি।

শুরুতে পাওয়া লিড মাত্র ৮ মিনিট ধরে রাখতে পেরেছে আর্জেন্টিনা। ১৯তম মিনিটে গুস্তাভো গোমেসের হেড ক্রসবারে লেগে ফিরে আসে। এ যাত্রায় আলবিসেলেস্তেদের ভাগ্য সহায় হলেও ছাড় দেননি সানাব্রিয়া। বাইলাইনের কাছাকাছি জায়গা থেকে গুস্তাফো ভেলাসকেসের ক্রসে বাইসাইকেল কিকে জাল খুঁজে পান তিনি। পোস্ট ঘেঁষে যাওয়া বল ঝাঁপিয়েও রক্ষা করতে পারেননি এমিলিয়ানো মার্টিনেজ।

২৫তম মিনিটে এগিয়ে যাওয়ার সুযোগ এসেছিল আর্জেন্টিনার সামনে। মোলিনার ক্রসে বল পেয়ে শট লক্ষ্যে রাখতে পারেননি লিওনেল মেসি। তাতে ১-১ সমতায় শেষ হয় প্রথমার্ধ।

বিরতি থেকে ফিরেই ম্যাচে এগিয়ে যায় প্যারাগুয়ে। ৪৭তম মিনিটে গোমেসের ফ্রি কিকে ছুটে গিয়ে আলদেরেতে ডাইভিং হেডে বল জালে জড়ান। ম্যাচে পিছিয়ে পড়ার পর বল দখলেও পিছিয়ে যায় আর্জেন্টিনা। চাপে থাকা মেসিদের তখন আরো চেপে ধরে প্যারাগুয়ে। তার পরও ৭৯তম মিনিটে দারুণ সুযোগ তৈরি করেছিলেন মেসি। তার দূরপাল্লার শট একজনের গায়ে লেগে বেরিয়ে যায় পোস্ট ঘেঁষে। তাতে আর ম্যাচে ফেরা হয়নি তাদের।

হারের পরও ১১ ম্যাচে ২২ পয়েন্ট নিয়ে পয়েন্ট টেবিলের শীর্ষেই আছে আর্জেন্টিনা। ১০ ম্যাচে ১৯ পয়েন্ট নিয়ে দুই নম্বরে থাকা কলম্বিয়ার সামনে সুযোগ আছে পয়েন্টের দিক থেকে তাদের পাশে বসার।

# জানুয়ারি পর্যন্ত ছিটকে গেলেন এনগিডি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সামনে ব্যস্ত সূচির কথা মাথায় রেখে দেওয়া হয়েছিল বিশ্রাম। সেখানে গিয়ে নতুনভাবে চোটে পড়লেন লুঙ্গি এনগিডি। আর ওই চোট তাকে ছিটকে দিয়েছে আগামী জানুয়ারি পর্যন্ত।

এনগিডির চোটের খবর বৃহস্পতিবার সংবাদ বিজ্ঞপ্তিতে জানায় ক্রিকেট দক্ষিণ আফ্রিকা (সিএসএ)। কুঁচকির চোটে আসন্ন শ্রীলঙ্কা ও পাকিস্তানের বিপক্ষে টেস্ট সিরিজে খেলতে পারবেন না এই পেসার। বাংলাদেশের বিপক্ষে টেস্ট দলে থাকলেও কন্ডিশন বিবেচনায় খেলা হয়নি এনগিডির। দেশে ফিরে সামনে ব্যস্ত সূচির কথা মাথায় রেখে ভারতের বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজেও তাকে রাখা হয়নি। নিজেকে আরও শানিত করে নেওয়ার প্রক্রিয়ার মধ্যে ছিলেন এই ২৮ বছর বয়সী। এর মাঝেই ধরা পড়ে কুঁচকির চোট। এখন তাই নতুন করে পুনর্বাসন প্রক্রিয়া শুরু করবেন তিনি। দলের আশা, জানুয়ারিতে মাঠে ফিরতে পারবেন এনগিডি।

একই বিবৃতিতে আরও জানানো হয়, নিয়মিত অধিনায়ক টেম্বা বাভুমা কাঁধের চোট কাটিয়ে ওঠার খুব কাছেই আছেন। শ্রীলঙ্কা সিরিজে তার খেলার ব্যাপারে সিদ্ধান্ত নেওয়া হবে আগামী সোমবার ফিটনেস পরীক্ষার পর।

# নিলামের আগেই পার্থিবকে
# কোচ করে আনল গুজরাট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কোচিং প্যানেলে নতুন সদস্য যোগ করেছে গুজরাট টাইটান্স। সহকারী কোচ হিসেবে পার্থিব প্যাটেলকে নিয়োগ দিয়েছে তারা। একই সঙ্গে ভারতের সাবেক কিপার-ব্যাটসম্যানকে ব্যাটিং কোচের দায়িত্বও দিয়েছে আইপিএল ফ্র্যাঞ্চাইজিটি।

৩৯ বছর বয়সী পার্থিবকে দুই পদে নিয়োগ দেওয়ার কথা ঘোষণা করে আইপিএলে ২০২২ সালের শিরোপা জয়ী ও পরের বছরের রানার্সআপ গুজরাট।

তিন সংস্করণেই ভারতের প্রতিনিধিত্ব করেছেন পার্থিব। ২৫ টেস্ট, ৩৮ ওয়ানডে ও ২টি টি-টোয়েন্টি খেলেছেন তিনি দেশের হয়ে। আইপিএলে ডেকান চার্জার্স, চেন্নাই সুপার কিংস, কোচি টাস্কার্স কেরালা, সানরাইজার্স হায়দরাবাদ, রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু ও মুম্বাই ইন্ডিয়ান্সের হয়ে খেলেছেন তিনি।

২০২০ সালে সব ধরনের ক্রিকেটকে বিদায় বলা পার্থিব মুম্বাই ইন্ডিয়ান্সের স্কাউট হিসেবে কাজ করেছেন। আইএল টি-টোয়েন্টির দল মুম্বাই এমিরেটসের ব্যাটিং কোচও ছিলেন তিনি। এবার গুজরাটে ছাপ রাখার চ্যালেঞ্জ তার সামনে।

# ভিনিসিয়াসের পেনাল্টি মিস;
# জয় পেল না ব্রাজিল



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** জাতীয় দলের জার্সিতে আরও একবার ব্যর্থ হলেন ভিনিসিয়াস জুনিয়র। ফিফা বিশ্বকাপ বাছাইপর্বের ম্যাচে রিয়াল মাদ্রিদের সেই ভিনিকে ঠিক পাওয়া যায়নি। মিস করেছেন পেনাল্টি। ম্যাচে এগিয়ে গিয়েও লিড ধরে রাখতে পারেনি ব্রাজিল। ফলস্বরূপ, ১৫ নভেম্বর ভেনেজুয়েলার বিপক্ষে মাঠ ছাড়তে হয়েছে ১-১ গোলের ড্রনিয়ে।

ভেনেজুয়েলার মাঠ স্তাদিও মাতুরিনে আধিপত্য ছিল ব্রাজিলের। প্রথমার্ধে দারুণ কিছু সুযোগ তৈরি করে সেলেসাওরা। ভিনিসিয়াস, রাফিনহারা ছিলেন ছন্দে। রিয়াল মাদ্রিদ ও বার্সেলোনার দুই তারকা মিলে প্রতিপক্ষের রক্ষণে কাঁপন ধরান বেশ কয়েকবার। ৪৩ মিনিটে আসে চূড়ান্ত ফল। ভেনেজুয়েলার জালে বল পাঠান রাফিনহা।

ভেনেজুয়েলার ডি-বক্সের একটু বাইরে ফ্রি-কিক পায় ব্রাজিল। বাম প্রান্ত থেকে আড়াআড়ি শট নেন রাফিনহা। বারে লেগে বল খুঁজে নেয় জালের ঠিকানা। ব্রাজিল এগিয়ে যায় ১-০ গোলে। রাফিনহার গোলের পর তা ধরে রাখতে পারেনি হলুদ জার্সিধারীরা। বিরতি থেকে ফিরে গোল হজম করে তারা। ৪৬ মিনিটে গোল শোধ করেন ভেনেজুয়েলার ফুটবলার তেলাসকো সেগোভিয়া। ম্যাচে আসে ১-১ সমতা।

ম্যাচের ৬৭ মিনিটে পেনাল্টি থেকে গোলের সুযোগ এসেছিল ভিনির সামনে। কিন্তু, ডান দিকে নেওয়া তার শটটি ঠেকিয়ে দেন ভেনেজুয়েলার গোলরক্ষক রাফায়েল রোমো। ফিরতি বলে অবশ্য শট মারেন ভিনি, সেটি গোলের জন্য যথেষ্ট ছিল না। ম্যাচের ৮৯ মিনিটে লাল কার্ড দেখে মাঠ ছাড়েন গনজালেজ। ভেনেজুয়েলা পরিণত হয় ১০ জনের দলে। অতিরিক্ত সময় মিলিয়ে শেষের প্রায় ১০ মিনিট ১০ জন নিয়ে খেলে তারা। এই সুযোগও কাজে লাগাতে পারেনি ব্রাজিল।

## টি-টোয়েন্টি বিশ্বকাপ
# পুরস্কারের অর্থ এখনও বুঝে পাননি অনেক ক্রিকেটার

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ওয়েস্ট ইন্ডিজ ও যুক্তরাষ্ট্রে অনুষ্ঠেয় আইসিসি টি-টোয়েন্টি বিশ্বকাপের চার মাসেরও বেশি সময় পেরিয়ে গেলেও এখনও অনেক ক্রিকেটার পুরস্কারের অর্থ পুরোপুরি বুঝে পাননি। এ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছে ওয়ার্ল্ড ক্রিকেট অ্যাসোসিয়েশন (ডব্লিউসিএ)। টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৪ শেষ হয়েছে গত ২৯ জুন। ইএসপিএনক্রিকইনফোর একটি রিপোর্টে দাবি করা হয়েছে, বিশ্বকাপে অংশগ্রহণকারী ২০ দলের (যার মধ্যে আটটি সহযোগী দেশও রয়েছে) পাঁচটি দেশের খেলোয়াড়দের অর্থ প্রদান করা হয়নি।

আরও কয়েকটি দেশের বোর্ড আর্থিক পুরস্কারের আংশিক পরিশোধ করেছে। অথচ পুরো অর্থই ক্রিকেটারদের মধ্যে ভাগ হওয়ার কথা। পুরস্কারের অর্থ ঠিক মতো না পাওয়া ক্রিকেটারেরা অভিযোগ জানিয়েছেন ডব্লিউসিএকে। ক্রিকেট বোর্ডগুলির এমন ভূমিকায় অসন্তুষ্ট ডব্লিউসিএ। এক বিবৃতিতে ডব্লিউসিএর চিফ এক্সিকিউটিভ টম মোফাট বলেছেন, 'আমরা জানতে পেরেছি, কয়েকটি বোর্ড ক্রিকেটারদের এখনও টি-টোয়েন্টি বিশ্বকাপের আর্থিক পুরস্কারের সম্পূর্ণ বা আংশিক দেয়নি। আবেদন করে কোনও কোনও দেশের খেলোয়াড়দের হুমকির মুখেও পড়তে হয়েছে।'

তিনি আরও বলেন, 'কয়েকটি দেশের ব্যাপারে আমরা চিন্তিত। তারা এখনও টি-টোয়েন্টি বিশ্বকাপের পুরস্কারের অর্থ ক্রিকেটারদের দেয়নি। এটা ক্রিকেটারদের প্রাপ্য। আন্তর্জাতিক ক্রিকেটারদের আয় বৃদ্ধির ব্যাপারে ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি) চেষ্টা করছে। তার সুফল ক্রিকেটারদের পাওয়া উচিত। আশা করি, এই ধরনের ঘটনার ক্ষেত্রে আইসিসি সংশ্লিষ্ট বোর্ডগুলির বিরুদ্ধে পদক্ষেপ করবে।'

কোন কোন দেশ ক্রিকেটারদের পুরস্কার মূল্য যথাযথ ভাবে বিতরণ করেনি, তা বলতে চাননি ডব্লিউসিএর চিফ এক্সিকিউটিভ টম মোফাট। তাঁর আশা, ক্রিকেটের ভবিষ্যত সুরক্ষিত করতে বোর্ডগুলি উদ্যোগী হবে। সংশ্লিষ্ট দেশের ক্রিকেট কর্তাদের চিঠি দিয়ে তাঁরা সমস্যার সমাধানের আবেদন করবেন বলেও জানিয়েছেন।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR